এরপর, [খ]'র কেন্দ্রীয় কমিটির সংখ্যা সদস্যদের পৃথক করার চেষ্টাকে প্রতিরোধ না করা অথবা কেবলমাত্র আনুষ্ঠানিকভাবে নিষ্ক্রিয় প্রতিরোধ করার পক্ষে ওকালতি শুরু করেন। এই ব্যাপারে [ছ] সর্বসম্মতিক্রমে তাদের সমর্থন করে। কেবল জঙ্গী কায়দায় প্রতিরোধের নীতিকে তারা অস্বীকার করেন। এবং কেবল শুধু অনশন ধর্মঘট অথবা অন্য কোন সক্রিয় প্রতিরোধ—তাদের ভাষায় আত্মরক্ষামূলক প্রতিরোধ—ছাড়া আর কিছুই করা উচিত নয়—এই সুবিধাবাদী তত্ত্ব তারা জাহির করেন। একে যাতে কেউ নির্ভেজাল অহিংস নিষ্ক্রিয় প্রতিরোধ না বলতে পারে, সেজন্য তারা শুধু হাত দিয়ে অথবা অস্ত্র যা হাতে পাওয়া যায় তাই দিয়ে প্রতিরোধের কথা বলেন। এটা সম্পূর্ণ চোখ-ঠারান ছাড়া আর কিছু নয়। তারা নীতিগতভাবে গণ-প্রতিরোধকে নাকচ করেন এবং আগে থেকে সেইরকম প্রতিরোধের জন্য প্রস্তুত হতে অস্বীকার করেন। এরপর শুধু হাতে প্রতিরোধ প্রভৃতি কথার অর্থ অসংগঠিত নিষ্ক্রিয় প্রতিরোধ ছাড়া আর কিছু নয়। এই ব্যাপারে তারা বুর্জোয়া নেতা গান্ধিরই অনুকরণ করেছেন। গান্ধিও মেয়েদের শুধু হাতে প্রতিরোধ করতে, নখ দিয়ে আঁচড়ে দিতে এবং দাঁত দিয়ে কামড়াতে বলত। গান্ধি এইসব ধরনের প্রতিরোধকে অহিংস আখ্যা দিয়ে কিছু ভুল করেনি, কারণ এগুলি নামমাত্র প্রতিরোধের চেয়ে বেশী কিছু নয়।

[খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা সংস্কারবাদের পাঁকে এতখানি ডুবে গেছেন যে তারা এই সামান্য ঢাকা অহিংস প্রতিরোধের সম্ভাবনাকে ক্ষুণ্ণ এবং সশস্ত্র গণ-প্রতিরোধ ও প্রতিরোধের অধিকারকে নীতিগতভাবে অস্বীকার করেন।

প্রকৃত এবং গণ-প্রতিরোধের প্রশ্নে করতে যে এই সদস্যরা নীতিগতভাবে অস্বীকার করেন তা এই থেকেই বোঝা যায়—"আমরা যে আদর্শের পথ ঠিক করেছিলাম তাকে বলা যায় আত্মরক্ষামূলক প্রতিরোধ। অর্থাৎ, আমরা এক জায়গায় জড়ো হবো; ঘেরাও দিতে থাকব এবং পুলিশদের থেকে আক্রান্ত হলে বা লাঠি-চার্জ হলে অস্বীকার করব। ওরা যদি আমাদের আক্রমণ করে তাহলে আমরা শান্তভাবে আত্মরক্ষা করব, পারলে ওদের লাঠি ছিনিয়ে নেব ইত্যাদি। কিন্তু আমরা ইটপাটকেল ছোঁড়া করব না, পুলিশের ওপর চড়াও হব না।" ১৯৬৬ সালের আগষ্ট মাসে, যখন সারা পশ্চিমবাংলা এবং পার্টি পরিচালিত জনগণ দেশের ভেতরে এবং বাইরে শোষণের যুদ্ধ চালাচ্ছে, সেই সময় এখন কেন্দ্রীয় কমিটির সদস্য যে এরকম হাস্যকর নীতি লিখতে পারেন এবং প্রাদেশিক প্রাদেশিক কমিটি তাকে সমর্থন করতে পারেন, একথা বিশ্বাস করাও কঠিন।

পুলিশের বিরুদ্ধে প্রতিরোধের জন্য কোন সশস্ত্র তৎপরতাকে ... করাকে [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা নীতিগতভাবে অস্বীকার করেন। অবশ্য পুলিশের হাত থেকে লাঠি ছিনিয়ে নেবার কথা বলে তাঁরা নিজেদের নীতির কাপুরুষতাকে ঢাকবার চেষ্টা করেছেন। যারা নীতিগতভাবে গণ-প্রতিরোধ সংগঠন করতে অস্বীকার করে, তারা যে কখনও পুলিশের হাত থেকে লাঠি ছিনিয়ে নিতে পারবে না তা সহজেই বোঝা যায়।

[খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের মতে, পুলিশের বিরুদ্ধে আক্রমণ পর্যন্ত তোলার আগে পুলিশের তরফ থেকে তাদের আক্রমণ করাটা অপরিহার্য।

তাদের যুক্তিটা এই রকমের: "প্রশ্ন হচ্ছে, একেবারে গোড়া থেকেই কি আমাদের অস্ত্র শস্ত্রের ব্যবস্থা—পাথর জড়ো করা ইত্যাদি ব্যবস্থা করা উচিত, সেইসব পাথর ছুঁড়ে পুলিশকে আমাদের কাছে আসতে না দেওয়া উচিত, তাদের আক্রমণ করার সুযোগ না দিয়ে আমাদেরই উদ্যোগ নেওয়া উচিত?"

[খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা উদ্যোগ নিতে ভয় পান; তারা চান যে পুলিশই আগে শুরু করুক—এই হোল তাদের নীতির সারমর্ম এবং তাদের মতে, পুলিশ যখন লাঠি বন্দুক নিয়ে আপনার ব্যারাকের দিকে এগিয়ে আসছে তখনও পুলিশের আক্রমণ শুরু হয়নি, একমাত্র যখন আপনার মাথা ফাটাতে শুরু করেছে, আপনার ইয়ার্ডে ঢুকে পড়েছে, আপনার বাড়ির মধ্যে ঢুকে পড়ে আক্রমণ চালাচ্ছে, একমাত্র তখনই পুলিশের আক্রমণ শুরু হয়েছে বলা যায়; তাদের মতে, আক্রমণ যখন অর্ধেক সফল হয়ে গেছে, আপনার যখন চূড়ান্ত বেকায়দা, তখনই মাত্র আক্রমণ শুরু হয়েছে। যোশী বলেছিল, "পুলিশ যতক্ষণ না তোমাদের বাড়ীঘর জ্বালাতে এবং মেয়েদের ওপর বলাৎকার করতে শুরু করছে ততক্ষণ প্রতিরোধ কোরো না", অর্থাৎ পুলিশ তোমাকে তোমার প্রতিরোধকে খতম করে দেবার আগে প্রতিরোধ কোরো

না। জোশীর সেই কথার সঙ্গে এঁদের নীতির কোন তফাৎ নেই।

[খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা বুঝতে পারছেন না যে, তারা যে-নীতির পক্ষে ওকালতি করছেন সে হচ্ছে বিশ্বাসঘাতকের মত সমস্ত প্রতিরোধকে বানচাল করার নীতি; বুঝছেন না যে, ১৯৪৭এর ফেব্রুয়ারী মাসে জোশী তার কুখ্যাত পল-অর্গ চিঠিতে যেসব বিশ্বাসঘাতকের যুক্তি দিয়েছিল, তারা সেগুলিরই পুনরাবৃত্তি করছেন।

[খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা জঙ্গী প্রতিরোধের জন্য প্রস্তুত করতে অস্বীকার করেছেন এবং জঙ্গী প্রতিরোধের ধারণারই নীতিগত ভাবে বিরোধ করেছেন। তারা খোলাখুলি ভাবেই বলেছেন যে, জেলে এটা সম্ভব নয়, করা উচিতও না। তারা লিখেছেন: "আমরা মনে করি যে, সাধারণ ভাবে বলতে গেলে, জেলে যে দুই ধরণের সংগ্রাম সম্ভব সে হচ্ছে অনশন ধর্মঘট এবং বিক্ষোভ প্রদর্শন। প্রথমটির সম্পর্কে কিছু বলার দরকার নেই। সকলেই স্বীকার করেন যে, সবচেয়ে গুরুত্বপূর্ণ জেল-সংগ্রামের মধ্যে এটি একটি। দ্বিতীয়টা, অর্থাৎ বিক্ষোভ প্রদর্শনের রূপ কি হওয়া উচিত সে সম্পর্কে মতভেদ আছে। সমস্ত রকমের শারিরীক প্রতিরোধকেই আমরা এই পর্যায়ে ফেলি। কারণ, আমাদের লড়াইয়ের ফলে বাইরে যদি সরকারের বিরুদ্ধে এমন প্রতিরোধ জেগে না ওঠে যাতে সরকার তার নীতি—যে নীতির ফলে লড়াই শুরু হয়েছে, যেমন ধরুণ: স্থানান্তরের নীতি—ত্যাগ করতে বাধ্য হন, তাহলে আমরা যে কায়দাই নিই না কেন সরকার আমাদের হার মানাতে পারবে, এবং হার মানাবেই। সুতরাং এইসব লড়াইও আসলে বিক্ষোভ প্রদর্শন।

"এখন কথা হোল—এইসব লড়াই কি ধরণের হওয়া উচিত? বহু যত্নে বিচারের পরও আমরা এই স্থির সিদ্ধান্তে পৌঁছেছি যে, এগুলি আত্মরক্ষামূলক প্রতিরোধের ধরণের হওয়া উচিত—সত্যাগ্রহ ধরণের নামমাত্র প্রতিরোধ নয়, আমাদের সর্বশক্তি নিয়ে আত্মরক্ষামূলক প্রতিরোধ, তার ফলে যদি গুলি চলে তবুও।"

এঁরাও যে আত্মরক্ষামূলক প্রতিরোধের ওকালতি করছেন সে যে কতখানি ভূয়া তা ইতিমধ্যেই প্রকাশ হয়ে গেছে। গুলি চলবে, কিংবা আত্মরক্ষামূলক প্রতিরোধ আর সত্যাগ্রহ এক নয়—এসব কথার কোন দাম দেওয়া যায় না। কোন জঙ্গী প্রতিরোধ করা হবে না এই জিনিষটাই শুধু স্পষ্ট হয়ে উঠেছে।

এই সংস্কারবাদী সিদ্ধান্তে পৌঁছবার জন্যে বিক্ষোভ প্রদর্শন সম্পর্কে ভুল যুক্তি এবং ধারণা আমদানী করা হয়েছে। অনশন ধর্মঘট ছাড়া অন্য সমস্ত রকমের সংগ্রাম জঙ্গী লড়াই পর্যন্ত, বিক্ষোভ প্রদর্শন—(খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের এই কথার অর্থ কি? তারা এই কথাই বোঝাতে চান যে, অনশন ধর্মঘটই হোল একমাত্র সংগ্রাম যাতে সাফল্য লাভ করা যায়, আর অন্য সব ধরণের সংগ্রাম নামমাত্র প্রতিবাদের বেশী কিছু নয়। এবং তারা আরও বোঝাতে চান যে, জঙ্গী কায়দায় সংগ্রামের ফলে শেষ পর্যন্ত শত্রুর কাছে হার মানা ছাড়া আর কিছু হয় না। সংগ্রামের উচ্চতর রূপ, যার ফলে পুলিশের সঙ্গে সংঘর্ষ বাধে এবং কঠিন লড়াই শুরু হয়—এই অর্থে বিক্ষোভ প্রদর্শন কথাটাকে এখানে ব্যবহার করা হয় নি। নামমাত্র অথবা শাসনতান্ত্রিক প্রতিবাদের অর্থেই কথাটি এখানে ব্যবহার করা হয়েছে। যুক্তির ধারাটা হোল এই—অনশন ধর্মঘট ছাড়া অন্য কোন সংগ্রামই আসল সংগ্রাম নয়, সুতরাং সেসব ক্ষেত্রে বেশী দমননীতি, জীবন হারান প্রভৃতির ঝুঁকি না নেওয়া উচিত।

অন্য সমস্ত ধরণের সংগ্রামকে বিক্ষোভ প্রদর্শন বলার যুক্তি দেওয়া হয়েছে—"আমাদের কাজের ফলে যদি তেমন প্রতিরোধ সৃষ্টি না হয় তাহলে শেষ পর্যন্ত সরকার আমাদের হার মানাতে পারবে এবং হার মানাবেই···সুতরাং এই সব লড়াইও আসলে বিক্ষোভ প্রদর্শন।" এই যুক্তি থেকেই স্পষ্ট বোঝা যায় যে, অনশন ধর্মঘট ছাড়া আর সব কিছুকে বিক্ষোভ প্রদর্শন বলার পিছনে উপরোক্ত উদ্দেশ্য ছাড়া আর কিছু ছিল না।

তাহলে অনশন ধর্মঘট এবং জঙ্গী ধরণের প্রতিরোধের মধ্যে তফাৎ হোল এইখানে যে, শেষেরটাতে হার হতে বাধ্য, সুতরাং তাতে কখনও সফল হওয়া যায় না, সুতরাং প্রতীক হিসাবে ছাড়া তার কোন মূল্য নেই। এইভাবেই [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা এগিয়ে এসেছেন অহিংস সংগ্রামের সমর্থক আর হিসাবে, অনশন ধর্মঘটই একমাত্র হাতিয়ার এই যুক্তির সমর্থনে।

সেই সঙ্গে এ কথাও মনে রাখা দরকার যে লড়াইয়ের জঙ্গী কায়দার প্রতি এই মনোভাব হোল খোলাখুলি পরাজিতের মনোভাব। [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা কোন নতুন কথা বলছেন এমন নয়। সুবিধাবাদের বিরোধী রাজনীতির যুগে বুর্জোয়া ভদ্রলোকেরা, জেলের ভেতরে অথবা বাইরে, সমস্ত ধরণের জবরদস্তিমূলক প্রতিরোধকেই এই দৃষ্টিতে দেখেছে। তারা যুক্তি দিত যে, এর ফলে লড়াই ভেঙ্গে যায়। তাদের এ যুক্তি লড়াইর বিপ্লবী কায়দা বর্জন করা ছাড়া আর কিছু নয়।

আবার, একথাও ঠিক নয় যে জঙ্গী ধরণের লড়াইয়ে কেবল হারই হয়! সংস্কারবাদী মাত্রেই ঠিক এই কথাই প্রমাণ করতে চায়। [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা সেই সংস্কারবাদীদের সঙ্গেই যোগ দিয়েছেন। এই সম্পর্কে আন্তর্জাতিক গণসংগ্রামের অভিজ্ঞতা বা আমাদের নিজেদের অভিজ্ঞতার কথা উল্লেখ করায় এখানে নিষ্প্রয়োজন। যে সব যুক্তি দেওয়া হয়েছে সেগুলির চরম সংস্কারবাদী রূপ খুলে দেবার পক্ষে ঐসমস্ত অভিজ্ঞতার কথা স্মরণ করিয়ে দেওয়াই যথেষ্ট, যদিও এইসব যুক্তি শুধু জেলের মধ্যেকার সংগ্রাম সম্পর্কেই উপস্থিত করা হয়েছে।

জেলের মধ্যে বিভিন্ন সংগ্রামের অভিজ্ঞতাও প্রমাণ করে যে [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা সে সম্পর্কে কিছুই বোঝেন না। বাংলার জেল-কমরেডদের জঙ্গী প্রতিরোধ সংগঠিত করতে গিয়ে নিজেদের ব্যারাকে ব্যারিকেড করতে হয়েছিল, ব্যারাকের মধ্য থেকে লড়তে হয়েছিল এবং চারজন কমরেডকে প্রাণ দিতে হয়েছিল। কিন্তু জঙ্গী প্রতিরোধের ফলে বন্দীদের হার হয়নি, বরং সর-

কারের ঘরেই আতংক সৃষ্টি হয়েছিল। সরকারকেই প্রতিশ্রুতি দিতে হয় যে, আগেকার চুক্তির শর্ত পালন করা হবে। ওপর থেকে মনে হয়েছিল যে বন্দীদের বুঝি হার হয়েছে, কেননা পুলিশ তাদের ব্যারাক দখল করতে পেরেছে। কিন্তু প্রকৃত ঘটনা অন্য রকম। সংঘর্ষের ফলে বন্দীদের মনোবল ভাঙা তো দূরের কথা, তাদের রাগ আরও বেড়ে গেল। পুলিশের গুলিচালনার সম্পর্কে অনুসন্ধান করার দাবীতে তারা আর একটা অনশন ধর্মঘট শুরু করলেন। বাংলায় সে সময় এ শ্লোগান কেউ তোলেনি যে, "পুলিশ আমাদের খতম করে দিতে চায়, সুতরাং নিজেদের প্রাণ বাঁচান যাক।"

অনশন ধর্মঘট বহুদিন চলে আর জঙ্গী কায়দায় লড়াই অল্প সময় চলে—[খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা নিজেদের খেয়াতে এই দুটিকে তুলনা করে ভাবছেন যে শেষেরটাতে কেবলমাত্র কোন সম্ভাবনা নেই। একথা কেউ বলেনি যে, জঙ্গী কায়দায় প্রতিরোধ অনশন ধর্মঘটের মত দীর্ঘদিন ধরে চলতে পারে। সেই কারণেই কেউ একথাও বলেনি যে, সমস্ত অবস্থায়ই জঙ্গী কায়দায় প্রতিরোধই একমাত্র হাতিয়ার। এ সম্পর্কে সঠিক দৃষ্টিভঙ্গী হচ্ছে এই: বর্তমান বিপ্লবী যুগে, জনগণের বর্তমান মনোভাব অনুযায়ী সরকারের বিরুদ্ধে লড়াইয়ের বর্তমান পর্যায়ে, অনেক সময় একমাত্র ঐ ধরণের প্রতিরোধই সরকারকে থামাতে পারে, এবং আমাদের শ্রেণীকে জাগাতে পারে, এবং সরকারের স্বরূপ আরও ভালভাবে প্রকাশ করে দিতে পারে। এবং রাজনৈতিক বন্দীদের ওপর সরকারের দমননীতি চালিয়ে যাওয়ার ফল সম্পর্কে সরকারকে সাবধান করে দিতে পারে। ঐ ধরণের প্রতিরোধ সরকারকে পরিষ্কার বুঝিয়ে দেয় যে, রক্তগঙ্গা সৃষ্টি না করে সে তার নীতি চালু করতে পারবে না। এবং জেলের মধ্যে বারবার রক্তপাত করে, নিজের বিরুদ্ধে জনগণের ঘৃণা জাগাবার, নিজের অস্তিত্ব বিপন্ন করার সাহস নেহরু সরকারের নেই। সেই জন্যেই ঐ ধরণের প্রতিরোধ তাকে থামাতে পারে। কলকাতার রাস্তায় ঠিক এই ব্যাপারই দেখা গেছে। একটুও অতিরঞ্জন না করে বলা যায় যে সেখানে শুধু পুলিশের গুলি অগ্রাহ্য করে, বারবার পুলিশের গুলির মোকাবিলা করেই আমরা জিতেছি, এবং সরকারকে পিছু হটতে বাধ্য করেছি। আমাদের কমরেডদের যদি নিজেদের ওপর এবং জনগণের ওপর বিশ্বাস থাকে তাহলে নেহরু সরকার এবং তার জেল কর্তৃপক্ষ কেঁপে উঠবে।

সুতরাং, প্রতিরোধের জঙ্গী কায়দাগুলি হচ্ছে সমীচীন প্রতিরোধ, প্রতিরোধের সেই চরম পর্যায় যাতে নেহরু সরকারের ফ্যাসিস্ট চেহারা প্রকাশ করে দেয়, বাইরের জনগণকে জাগায় এবং ভেতরের লড়াইকে ইস্পাতের মত শক্ত করে তোলে। এর জন্যে পরিকল্পনা করা, একে সংগঠন করা প্রত্যেক বিপ্লবীর অপরিহার্য দায়িত্ব। কোন কোন ক্ষেত্রে এই ধরণের লড়াই করতে হবে সে সম্পর্কে সিদ্ধান্ত করার ব্যাপারে অনেকখানি উদ্যোগ এবং বিচারের ভার অবশ্য স্থানীয় কমিটিগুলির ওপর থাকবে। বাইরে থেকে শুধু বন্দী শিবিরে স্থানান্তর করা অথবা বন্দীদের পরস্পর থেকে পৃথক করে রাখা অথবা এধরণের কোন ক্ষেত্রের কথা বলা যেতে পারে। এছাড়াও যে আরও অনেক ক্ষেত্রে ঐধরণের লড়াই দরকার হবে সেকথা সহজেই বোঝা যায়। কোন ব্যাপার নিয়ে লড়াই হবে, কোন ধরণে লড়াই হবে সে সিদ্ধান্তের ভার সাধারণত স্থানীয় কমিটির ওপরই থাকবে। স্থানান্তর, পৃথক করে রাখা বা ঐধরণের সাধারণ প্রশ্নগুলি বাদ দিলে, কোন বিশেষ ক্ষেত্রে কি ধরণের লড়াই করতে হবে সেকথা সবসময় বলে দেওয়া বাইরের পার্টির পক্ষে সম্ভব হবে না। হঠাৎ এমন কোন সমস্যা দেখা দিতে পারে, এমন কোন ঘটনা ঘটতে পারে যার জন্য তৎক্ষণাৎ ব্যবস্থা অবলম্বন করা দরকার। সেই জন্যেই, যদিও অনেক পরামর্শ নেওয়ার মধ্য দিয়ে পার্টির নির্দেশ পাওয়া যেতে পারে, তবু এমন অনেক সময় হবে যখন স্থানীয়ভাবেই সিদ্ধান্ত নিতে হবে। এবং সেই সিদ্ধান্ত ঠিক যতখানি পরিমাণে [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের নীতির বিপরীত হবে, ঠিক ততখানি পরিমাণেই নির্ভুল হবে।

পি-বি একথা লক্ষ্য না করে পারে না যে, [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের দলিলখানা কোন মামুলি দলিল নয়। এতে অন্যান্য জেলের বীরত্বপূর্ণ লড়াইগুলির ওপর খাটো করার চেষ্টা করা হয়েছে, ঠিক সংস্কারবাদী কায়দায় [খ]'র সংগ্রামকে ছোট করার চেষ্টা হয়েছে এবং এমন একটা নীতি খাড়া করা হয়েছে যার অর্থ হচ্ছে পি-বি'কে বিভিন্ন জেলে কমরেডদের জঙ্গী লড়াইগুলি অস্বীকার করতে বলা।

তারা লিখেছেন: "এতদিন পর্যন্ত আমরা প্রথম ধরণের প্রতিরোধ—যাকে আমরা বলেছি আত্মরক্ষামূলক প্রতিরোধ—তাকেই লড়াইয়ের উপযুক্ত কায়দা বলে মনে করতাম। কিন্তু বিভিন্ন জেলে সংঘর্ষের যে রিপোর্ট আমরা পেয়েছি তার ফলে সমস্ত ব্যাপারটা আমাদের নতুন করে ভেবে দেখতে হয়েছে। নিচে আমাদের কমিটির সুচিন্তিত অভিমত জানাচ্ছি।" এর থেকেই স্পষ্ট বোঝা যায় যে, অন্যান্য জেলে যেসব নীতি অনুসরণ করা হয়েছে তার সঙ্গে তারা একমত নন, সেই নীতির পরিবর্তেই তারা নিজেদের সুবিধাবাদী নীতি পাঠিয়েছেন।

অন্যান্য জেলের প্রতিরোধ দেখে অনুপ্রাণিত না হয়ে, নিজেদের সুবিধাবাদী কার্যকলাপ বিশ্লেষণ না করে, তারা অন্যদের বিচার করতে বসেছেন এবং তাদের সুবিধাবাদী কার্যকলাপ অনুযায়ী না চলার জন্যে অন্যদের দোষ দিয়েছেন।

তার ওপর তারা আবার (ক)'র বীর কমরেডদের বিরুদ্ধে এইভাবে কুৎসা প্রচার করেছেন: "(ক)তে যেরকম পাশবিকভাবে গুলি চালান হয়েছে তার থেকে বোঝা যায় যে, সরকার আমাদের যত বেশীজনকে সম্ভব শারীরিকভাবে খতম করতে অথবা চিরদিনের মত পঙ্গু করতে চায়। এই পরিকল্পনা কার্যকরী করার সুবিধা হয় এমন ধরণের লড়াই করা উচিত নয় বলেই আমরা মনে করি।"

তাহলে, (ক) কমরেডরা শত্রুর পরিকল্পনা কার্যকরী করার সুবিধা করে দেওয়ার দোষে দোষী! সমস্ত জঙ্গী প্রতিরোধকে, যে কেউ মরণ তুচ্ছ করত তাকেই যেমন

কোনো "উস্কানি দেওয়া" বলত, এও ঠিক তেমনি। ভালাগার এবং পুন্নাপ্পার বীরদের সম্পর্কে জোশীর কুৎসার যে পর্যায়ের এও তাই। এই রকম ধরণের কুৎসা প্রচারের জন্য পি-বি এই কমরেডদের তীব্র নিন্দা করছে। এর থেকে প্রমাণ হয় যে বিপ্লবী লড়াইয়ের তাৎপর্য্য পর্য্যন্ত বোঝার ক্ষমতা তাদের নেই, নিজেরা সে রকম লড়াই করা তো দূরের কথা।

তাদের এই বিকৃত ব্যাখ্যা কিন্তু আকস্মিক নয়। জেলের মধ্যে সমস্ত রকমের জঙ্গী লড়াইয়ের যে সমালোচনা তারা করেছেন এটা হচ্ছে আসলে তারই সারমর্ম্ম। এগুলি সব উস্কানি দেওয়া, এগুলির ফলে শুধু শত্রুরই সাহায্য হয় —এই বলে তারা জঙ্গী লড়াইয়ের নিন্দা করতে চান। বিপ্লবী লড়াইয়ের এইভাবে বিরোধ করাটা কিছু নতুন নয়। এই হচ্ছে বিপ্লবী আন্দোলন বানচাল করাকে পার্টিকে রক্ষা করা বলে চালিয়ে দেওয়ার জোশীবাদী কায়দা। এ রকম জঙ্গী লড়াইকে উস্কানি দেওয়া বলে নিন্দা করার জোশী-বাদী তত্ত্ব। তাত সাফাইটা হোল এইখানে: দমন ব্যবস্থা-গুলির ওপর দৃষ্টি নিবদ্ধ রাখা; মিথ্যা করে দেখান যে দমনের ফলে শ্রেণী শত্রুর জোর বাড়ছে, জনগণ হেরে যাচ্ছে; যারা লড়ছে তাদের বীরত্বকে চাপা দেওয়া; যে বেপরোয়া অবস্থা এবং ক্রমবর্দ্ধমান চেতনার ফলে জনগণ লড়ে, মৃত্যুর মুখোমুখি দাঁড়ায় তাকে ঢেকে রাখা; এই ধরণের সংগ্রামের ফলে যে সরকারই—শ্রেণী শত্রুই, সমর্থন হারাচ্ছে এবং জনগণ আর তাদের পার্টিই আরও শক্তিমান, আরও দৃঢ়পণ হচ্ছে। সেই সত্যকে পর্দার আড়াল করে রাখা।

(খ)'র কমিটি যে ১৯৪৯ সালের আগষ্ট মাসে জোশীর এই ডাকাত্মক তত্ত্বকে আবার এনে হাজির করেছেন, তা থেকেই বোঝা যায় যে তারা সংস্কারবাদের পাঁকে কত-খানি ডুবে গেছেন।

জঙ্গী লড়াই এড়িয়ে যাবার জন্যে এই ধরণের সংস্কারবাদ কোন অজুহাত দিতে, কোন যুক্তি ব্যবহার করতে কসুর করে না। পার্টির নিরাপত্তার, কর্মীদের নিরাপত্তার, অত্যধিক ক্ষতি এড়াবার মিথ্যা দোহাই পাড়া হয়। (খ)'র কমিটি সব সময়ই বলে আসছে যে, তারা ভয় পায় নি, তারা সব কিছুর জন্যেই প্রস্তুত, কিন্তু শেষ পর্যন্ত কমিটি জঙ্গী সংগ্রামের বিরোধীতা করেছে। ঐ ধরণের লড়াইয়ের বিরোধীতা করার যুক্তি হিসাবে এক জায়গায় তারা বলেছেন যে, আমাদের পক্ষে ভীষণ ক্ষতি হবে অথচ শত্রুর প্রায় কোন ক্ষতিই হবে না। এইভাবে তারা দেখাতে চেয়েছেন যে তারাও যেন শত্রুর ক্ষতি করতে চান। তারা লড়াইয়ের জন্য কোন সত্যিকারের প্রস্তুতি করতে চান না। এই কাজ করতে অস্বীকার করার পর আবার তারা অনশন যুদ্ধের যুক্তি দেন। এর উদ্দেশ্য, সমস্ত জঙ্গী প্রতিরোধের অবসান করা ছাড়া আর কিছুই নয়।

এই কমরেডরা বারবার বলেন যে, মৃত্যু বা শারিরিক ক্ষতির পরোয়া না করে তারা পার্টির সম্মান রক্ষার জন্য প্রস্তুত। কিন্তু তাদের অনুরোধ, অহিংস প্রতিরোধের সময় যেন তাদের গুলি করে মেরে ফেলা না হয়। তারা লিখেছেন: "আমরা যদি পাথর জোগাড় নাও করি, আমাদের প্রতিরোধ যদি খালি হাতে নিজেদের রক্ষা করা এবং লাঠি কেড়ে নেওয়ার সীমা পার নাও হয়, তবুও ওরা আমাদের গুলি করে মারবে এ সম্ভাবনা খুবই আছে। যারা কলকাতার রাস্তায় মেয়েদের গুলি করে মারে তারা বন্দী-দেরও প্রতিরোধের সূত্রপাতেই গুলি করে মারতে পারে। ...ওরা যখনই সে রকম করবে তখনই আমাদের হাতের কাছে যা পাই তাই তুলে নিতে হবে এবং সাধ্যমত পাল্টা আঘাত করতে হবে। এ হোল এককথা, আর আগে থেকে ইট-পাথর জড়ো করে রাখা, পুলিশ যখন ব্যারাকের দিকে আসছে তখনই সে সব তাদের ওপর ছোড়া এবং এইভাবে গুলি চালনা অনিবার্য্য করে তোলা হোল অন্য কথা।" এই যুক্তির অর্থ হচ্ছে এই যে, আমরা বিনা প্রতিরোধে গুলি খেয়ে মরতে রাজি আছি কিন্তু প্রতিরোধ করে মরতে রাজি নই।

শুধু তাই নয়। অহিংস প্রতিরোধ করতে গিয়ে মৃত্যু-বরণ করে নেবার এই কথাও মিথ্যা। গুলি এবং মৃত্যুর হাত এড়াবার জন্যেই অহিংস প্রতিরোধের প্রস্তাব করা হয়েছে। তারা বলেন যে, জঙ্গী কায়দার ফলে গুলি চালনা অনিবার্য্য হয়ে পড়ে, তাই তারা এর বিরোধী। অহিংস কায়দা নিলে বড় জোর গুলি চালনার সম্ভাবনা থাকে, সুতরাং তারা হয়ত গুলি এড়িয়ে যেতে পারবেন। তারা নিজেরাই এই দুইয়ের মধ্যে এইভাবে তফাৎ করেছেন। শ্রেণী সংগ্রামের প্রয়োজনের দিক থেকে নয়। কোনটিতে তারা আহত কম হবেন সেই দিক থেকেই তারা বিচার করেছেন।

ব্যারিকেড সম্পর্কে ওরাই যে (খ) কমিটির মনকে আচ্ছন্ন করে রেখেছে সেকথা নিচের উদাহরণ থেকেই স্পষ্ট বোঝা যায়: তারা লিখেছেন, "ভীষণ গুলি বৃষ্টির সময় জেলের মধ্যে ব্যারিকেডগুলি আর আত্মরক্ষা বা আক্রমণের হাতি-য়ার থাকে না, মৃত্যু-ফাঁদে পরিণত হয়, কেননা তখন আর পিছনেও হটা যায় না, দরকারমত এক যায়গা থেকে অন্য যায়গায় চলাচল করা যায় না, আশ্রয়ও নেওয়া যায় না।" ব্যারিকেড যুদ্ধ বলতে এই কমরেডরা কি মনে করেন তা বোঝা কঠিন। জেলের ময়দানে বা মাঝখানকার মাঠে ব্যারিকেড খাড়া করতে কোন কমরেডদের কেউ বলেনি। বাংলায় কমরেডরা তাদের ব্যারাকের সামনে, এবং বোধ হয় তাদের ইয়ার্ডেও, ব্যারিকেড করেছিলেন। তারা ত এ অভিযোগ করেন নি যে, ব্যারিকেডগুলি সব মৃত্যু-ফাঁদ হয়ে দাঁড়িয়েছিল, এবং স্বভাবতই তারা সব চেয়ে সুবিধাজনক স্থান বেছে নিয়েছিলেন।

কিন্তু আসল কথা হচ্ছে, এই কমরেডরা চান যে পার্টি অনশন ধর্মঘটকে লড়াইয়ের উপায় হিসাবে এবং প্রতীক বিক্ষোভ প্রদর্শনকে সাহায্যকারী উপায় হিসাবে অনুমোদন করুক। তারা লিখেছেন, "সরকারের স্বরূপ প্রকাশ করে দেওয়া, তার বিরুদ্ধে জনগণকে জাগিয়ে তোলা, আমাদের সাহস এবং দৃঢ়তার পরিচয় দেওয়া এবং পার্টির জন্য সম্মান ও প্রশংসা অর্জন করা—আমাদের এই সব উদ্দেশ্য, আমাদের মতে, অনশন ধর্মঘট এবং আমাদের প্রস্তাবিত কায়দায় বিক্ষোভ প্রদর্শন মারফৎই—সফল হতে পারে। আমাদের শক্তি এবং জেলের মধ্যেকার অবস্থার সঙ্গে লড়াইয়ের এই

ধরণই খাপ খায়।" এইভাবে অনশন ধর্মঘটকেই হাতিয়ার বলে জাহির করা হয়েছে—সমস্ত জঙ্গী প্রতিরোধকে নাকচ করা হয়েছে। এই নেতারা কি ধরনের অনশন ধর্মঘট চালিয়েছিলেন তাও আমরা জানি। সেই সঙ্গে একথাও বলে রাখা দরকার যে, একমাত্র অনশন ধর্মঘট এবং প্রতীক বিক্ষোভ প্রদর্শনই আমাদের শক্তি এবং জেলের মধ্যেকার অবস্থার সঙ্গে খাপ খায় একথা সম্পূর্ণ মিথ্যা। আমাদের যদি তাকে ব্যবহার করার মত সাহস থাকে তাহলে লড়াইয়ের সব চেয়ে জঙ্গী কায়দাও জেলে আমাদের শক্তির সংগে খাপ খায়। কেবল মাত্র জঙ্গী কায়দাই জেলের মধ্যে আমাদের শক্তির সংগে খাপ খায়, এমন কথা কেউ বলেনি। বাংলার কমরেডরা পুলিশের সংগে জঙ্গী লড়াই চালিয়েছিলেন, আবার পরে তারা পুলিশের গুলিচালনা সম্পর্কে নিরপেক্ষ তদন্ত কমিটির দাবী আদায়ের জন্য অনশন ধর্মঘট সুরু করেন।

যা করে হোক লড়াইয়ের এমন কায়দা বের করো' যাতে কিছুতেই জীবন হারাতে অথবা পঙ্গু হতে হবে না—এই হোল (খ)'র নীতির সারমর্ম। তাদের মতে তাদের শক্তি এবং জেলের মধ্যেকার অবস্থার সংগে অহিংস অনশন ধর্মঘটই খাপ খায়। কিন্তু এই ধর্মঘটের সময়ও তারা পঙ্গু হতে অথবা মরতে প্রস্তুত ছিলেন না, আতংকে তারা ধর্মঘট উঠিয়ে নেন।

আর যখন জঙ্গী কায়দার কথা উঠেছে, তখন গুলিচালনা অনিবার্য্য হবে, এসব হচ্ছে মৃত্যু-ফাঁদ, এতে কর্ম্মী হারাতে হয় বলে তারা তাকেও নাকচ করে দিচ্ছেন।

স্পষ্টই বোঝা যায় যে, যদিও তারা বারবার বলছেন পার্টির জন্য তারা মরতে প্রস্তুত আছেন, কিন্তু তাদের আসল দাবী হোল—অহিংস বা সশস্ত্র লড়াই কোনটাতেই যেন মরতে বা আহত হতে না হয়। তাদের যুক্তির ধারা সুবিধাবাদী এবং প্রতি-বিপ্লবী, এর অর্থ হচ্ছে সমস্ত প্রতিরোধ বানচাল করা। পি-বি তাদের এইসব যুক্তিকে অগ্রাহ্য করছে।

[খ]'র কমিটি চায় যে বর্তমানে জেলে সংগ্রামের রূপ কি হবে তা পি-বি ঠিক করে দিক। লক্ষ্য করা দরকার যে, একমাত্র [খ] থেকেই এই দাবী উঠেছে। অধিকাংশ জেলে কমরেডরা পি-বি'র কাছে বিশেষভাবে জিজ্ঞাসা না করেই পার্টির নীতি সঠিকভাবে বুঝেছেন, এবং নিজেরাই বহুবার জঙ্গী প্রতিরোধ করেছেন। বাংলা, কাণপুর, ভেলোর, কুড্ডালোর এবং [ঝ] জেলে কমরেডরা যে প্রতিরোধ করেছেন তা ঠিকই হয়েছে।

[খ]'র দলিলটার সমালোচনায় যা বলা হয়েছে তার থেকেই পি-বি'র মূলনীতি সন্দেহাতীতভাবে পরিষ্কার হওয়া উচিত। তাছাড়াও পি-বি বলছে যে, অবস্থা আজ এমনই যে সবচেয়ে জঙ্গী ধরনের লড়াইও, অনেক সময় দরকার এবং সঙ্গত। অনেক সময় এগুলিই হয় শত্রুকে পিছু হটাবার এবং তার আক্রমণকে পরাস্ত করার একমাত্র হাতিয়ার। যে কোন লোক এগুলিতে নীতির দিক থেকে অগ্রাহ্য করে, অথবা নীতিগতভাবে সমর্থন করেও কার্যত বর্জন করে তার জন্যে পার্টিতে কোন স্থান নেই।

সেই সংগে একথাও স্পষ্ট যে, বন্দীদের প্রতিরোধের চূড়ান্ত পর্যায়—জংগী প্রতিরোধ রোজ করা যায় না। সুতরাং, অনশন ধর্মঘট প্রভৃতি লড়াইয়ের অন্যান্য কায়দাও বাতিল হয়ে যায় নি, এখনও তার দাম আছে। জংগী প্রতিরোধকে বর্জন করে শুধু অনশন ধর্মঘটকে আঁকড়ে থাকার এই সুবিধাবাদী ঝোঁকের বিরুদ্ধে সচেতন লড়াই চালান দরকার।

(খ) কমরেডরা যদি নিজেদের ধারণা সম্পূর্ণ পাল্টে ফেলতে পারেন তাহলে দেখবে যে, অবস্থা অনুযায়ী লড়াইয়ের কায়দা ঠিক করতে কোন অসুবিধাই হবে না। তারা নিজেরাই এই সিদ্ধান্তে পৌঁছবেন যে, বন্দীশিবিরে স্থানান্তর, পৃথক করার ব্যবস্থা বা ঐ ধরনের ব্যাপারে জংগী কায়দা দরকার এবং সংগত।

(খ) কমরেডদের পি-বি আরও এই কথাটা ভাল করে বুঝিয়ে দিতে চায় যে, অনশন ধর্মঘটের সময় তাদের কাপুরুষের মত ব্যবহারের ফলে শত্রুর সাহস বেড়ে গেছে, তার দৃঢ়বিশ্বাস হয়েছে যে মৃত্যু এবং দমননীতি দিয়ে কমিউনিস্টদের জব্দ করা যায়। (খ) জেলে বর্বর গুলিচালনার ফলে (খ) কমিটির সদস্যদের শুধু এই কথাই মনে হয়েছে যে তাহলে আমরা নিশ্চয়ই লড়াইয়ের ভুল কায়দা নিয়েছিলাম। এই ঘটনা থেকেই বোঝা যায় যে দমননীতিতে তাদের মনোবল ভেংগে গেছে, তারা আতংকিত হয়ে উঠেছেন। এর থেকে প্রমাণ হয় যে, (খ) কমিটি যদি নিজের সংস্কারবাদী দৃষ্টিভংগী সম্পূর্ণ বর্জন না করে তাহলে (ঙ)'র উদ্দেশ্য—বন্দীদের ভয় পাইয়ে দেবার চেষ্টা—সফল হবে।

অনশন ধর্মঘট কাপুরুষের মত পরিচালনা করা এবং সংস্কারবাদী দৃষ্টিভংগী টিকে থাকার ফলে (ভ)'র রাজনৈতিক বন্দীদের সংগ্রাম ইতিমধ্যেই বিপন্ন হয়ে পড়েছে। এরপর আবার যখন প্রতিরোধ সংগঠন করা হবে তখন তার বিরুদ্ধে নৃশংস হিংসা প্রয়োগ করা হবে, কারণ শত্রুর ভরসা হয়েছে যে বন্দীদের বিরুদ্ধে দ্রুত বিজয় লাভ করা যাবে। (ব)'র মত নির্মম গুলিচালনা আবার হতে পারে। দ্রুত বিজয় লাভের আশা থাকলে উন্মত্ত বুর্জোয়া শ্রেণী যেকোন কাজ করতে পারে। তা সত্ত্বেও দমননীতিকে পরাস্ত করা যায়, যদি নেতারা দৃঢ়তার সংগে লড়াইয়ে নামেন এবং তার আত্মসমর্পণকারী নীতির ফলে যে অসুবিধার সৃষ্টি করেছে তা দূর করতে পারেন। পি-বি কোন রঙীন আশা দেখাতে চায় না। কিন্তু পি-বি এই বলে সতর্ক করে দিতে চায় যে মনোবল যেন নষ্ট না হয় এবং দমননীতি ও মৃত্যুকে যেন শত্রুর জয় বলে বোঝা না হয়।

(খ)'র এবং অন্যান্য নেতাদের পি-বি এই বলে সতর্ক করে দিতে চায় যে, তাঁরা যেভাবে অনশন ধর্মঘট পরিচালনা করেছেন তার ফলে সারা ভারতে রাজনৈতিক বন্দীদের সংগ্রামের ক্ষতি হয়েছে। শত্রুর সাহস বেড়েছে এবং তার মনে এই বিশ্বাস সৃষ্টি করেছে যে আরও দমননীতি চালালে কমিউনিস্টদের আত্মসমর্পণ করতে বাধ্য করা যাবে। শত্রু সর্বদাই আমাদের দুর্বল স্থান খুঁজছে। আমাদের মধ্যেকার প্রতিটি দুর্বলতার সে সুযোগ নিতে চায়। আমাদের বন্দী

কমরেডদের বীরত্বপূর্ণ এবং বারবার প্রতিরোধের ফলে এদেশে এবং বিদেশে সরকারের বদনাম হয়েছে। তাই সে সর্বপ্রকারে রাজনৈতিক বন্দীদের কণ্ঠরোধ করতে চায়।

জেলের মধ্যে এমন ব্যাপকভাবে আগুন জ্বলে উঠবে, এত দীর্ঘস্থায়ী প্রতিরোধ চলবে তা সরকার আশা করে নি। সরকারের বিরুদ্ধে এই নতুন ফ্রন্ট সৃষ্টি হওয়ায় তারা আতংকিত হয়ে ওঠে। এই ফ্রন্ট সংক্রান্ত ব্যাপারে নিজের দুর্বলতার কথা সরকার জানে। বুর্জোয়া কাগজগুলি অবশ্য রাজনৈতিক বন্দীদের সম্পর্কে সমস্ত খবর চেপে যায়। কিন্তু তা সত্ত্বেও বন্দীদের বিরুদ্ধে দমননীতি প্রয়োগের খবর প্রকাশ হয়ে যায় এবং সরকারের বদনাম হয়। অনশন ধর্মঘট সম্পর্কে বিবৃতিগুলিতে সরকার খোলাখুলি মিথ্যার আশ্রয় নেয়। এ থেকেই বোঝা যায় যে সে মধ্যবিত্ত জনমতকে পর্যন্ত ভয় করে, কেননা এই জনমত রাজনৈতিক বন্দীদের প্রতি খারাপ ব্যবহার করা হচ্ছে শুনলে অতি সহজেই উত্তেজিত হয়। সরকার একদিকে রাজনৈতিক বন্দীদের কিছু কিছু সুবিধা দেয় আর অপরদিকে জাহির করে বেড়ায় যে কোন সুবিধাই দেওয়া হয় নি। এই ঘটনার থেকেই বোঝা যায় যে তারা হার স্বীকার করতে ভয় পায়, কারণ তার ফলে অন্য জায়গায় লড়াই স্নুরু হয়ে যেতে পারে।

রাজনৈতিক বন্দীদের সংগ্রাম নেহরু সরকারের বিরুদ্ধে সংগ্রামের একটা গুরুত্বপূর্ণ অংশ। সরকার এই ফ্রন্টে খুব দুর্বল। এইরকম অবস্থায় আমাদের নিজেদের মধ্যে দুর্বলতা থাকা, বিশ্বাসের অভাব হওয়া অথবা সংস্কারবাদ টিঁকে থাকাটা জঘন্য অপরাধ, ধর্মঘট ভাঙ্গা এবং শত্রুপক্ষে যোগ দেওয়ার সমান।

(অ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের পাঠান এক সার্কুলারের উত্তরে (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা একটি চিঠি লেখেন। [ছ] এই চিঠি সমর্থন করে। ঐ চিঠিখানিতে তারা সংস্কারবাদের সবচেয়ে নিচে নেমে গেছেন।

দ্বিতীয় শ্রেণীর রাজবন্দীদের সম্পূর্ণভাবে পৃথক করার জন্যে সরকার তাদের [ক] পাঠাচ্ছিল এবং তাদের প্রদেশের বাইরে বন্দীশিবিরে পাঠাবার জন্যে ব্যবস্থা করছিল। বাইরে থেকে পাঠান এই সার্কুলার হইতে এইদিকে জেল কমরেডদের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সার্কুলারে সমস্ত রাজবন্দীদের এই স্থানান্তর প্রতিরোধ করতে এবং পশ্চিম বাংলা, তেলেঙ্গানা ও সালেমের কমরেডদের গৌরবময় দৃষ্টান্ত অনুসরণ করার ডাক দেওয়া হয়। যেকোন অন্য কৌশল করতে পারেন তাই নিয়ে লড়াই করার এবং ঐধরণের লড়াইয়ের জন্যে প্রস্তুত হবার জন্য সার্কুলারে তাদের বলা হয়।

সার্কুলারটাতে আসল কথাকে খুব নরম করেই বলা হয়েছে। এতে জেল কমরেডদের অত্যন্ত সহজবোধ্য কাজ করতে বলা হয়েছে, অন্যান্য যায়গায় কমরেডরা যেভাবে প্রতিরোধ করেছেন সেইভাবে প্রতিরোধ করতে বলা হয়েছে। এতে বিশেষ করে বলা হয়েছে যে, সরকারী চালের প্রধান লক্ষ্য বিশেষ করে শ্রমিক এবং কৃষক বন্দীরা, এ হচ্ছে শ্রেণীগত ব্যবস্থা। যার সমস্ত শ্রেণীচেতনা এবং শ্রেণী-গর্ব যায় সম্পূর্ণ নষ্ট হয়ে যায় নি এমন যেকোন লোক এই ব্যাপারে প্রাণপণ লড়াই চালাবার প্রয়োজনীয়তা বুঝতে পারবে। কঠিন লড়াইয়ের ভয়ে নীল হয়ে যায় নি এমন কোন লোক পশ্চিম বাংলার কমরেডদের দৃষ্টান্ত অনুসরণ করতে অস্বীকার করবে না অথবা নির্দিষ্ট উপায়ে লড়াইয়ের জন্য প্রস্তুত হতে অস্বীকার করবে না।

নীতিগত ভাবে এই সার্কুলার এবং নির্দেশের তীব্র বিরোধীতা করে [খ]'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা এবং [ছ]'র সদস্যরা নিজেদের সারা গায়ে কালি মেখেছেন এবং এই কথাই প্রকাশ করে দিয়েছেন যে, তারা শুধু মতবাদের দিক থেকেই বিভ্রান্ত নন, জেলের মধ্যে কোন কার্যকরী প্রতিরোধ দেবার সম্ভাবনায়ও তারা ভয় পান।

এই চিঠিতে তারা আগেকার চিঠির সমস্ত কটি লজ্জাজনক যুক্তিরই পুনরুক্তি করেছেন এবং তার সংগে যোগ দিয়েছেন কোন সতীত্বকারের নিম্নবীর পক্ষে অশোভন আরও কয়েকটা ভুয়া এবং সুবিধাবাদী যুক্তি।

সামান্যতম লজ্জাও বিসর্জন দিয়ে তাঁরা (ঝ) সম্পর্কে কুৎসার পুনরুক্তি করেছেন এবং এমন ধৃষ্টতা যে (ঝ)-এর পরের ঘটনাবলী তাদের কথাকেই সমর্থন করে বলে দাবী করেছেন। পৃথক করার নীতির বিরুদ্ধে এবং শ্রমিক শ্রেণীর বিরুদ্ধে প্রকাশ্য বিভেদ নীতির বিরুদ্ধে সমস্ত সংগ্রাম বন্ধ করার দাবী করে, এবং (ঝ)'র সংগ্রাম সম্পর্কে কুৎসা রটনা করে এই মধ্যবিত্ত নেতারা লিখেছেন, "আসল যে কারণে (ঝ)তে সংঘর্ষ হোল—অর্থাৎ (ঞ)'র পরিকল্পনা—সেটা মোটেই জনসাধারণের নজরে এলো না। তার কারণ সংঘর্ষটা হয়েছিল (খ)তে স্থানান্তরের ব্যাপার নিয়ে। অন্যান্য জেলেও ঐ একই ব্যাপার—অর্থাৎ প্রদেশের মধ্যে অন্য জেলে স্থানান্তর নিয়ে ঐ ধরণের সংঘর্ষের ফলও এর চেয়ে ভাল কিছু হবে না, (ঞ)'র পরিকল্পনাকে সামনে তুলে ধরার কোন সাহায্য হবে না। বহু মূল্যবান জীবন নষ্ট হবে, বহু কমরেড সারা জীবনের মত পঙ্গু এবং কর্মক্ষমতাহীন হয়ে যাবে—সরকারও ঠিক এই জিনিষটাই চায় সেও চায় যে আসল প্রশ্নটা লোকচক্ষুর আড়ালে থেকে যাক। কমিউনিস্টরা যে মৃত্যুর পরোয়া করে না শুধু সে কথা প্রমাণ করার প্রশ্ন এটা নয়। বিশেষ করে (ঞ)র ব্যাপার এবং অন্য প্রদেশে স্থানান্তর করা সম্পর্কে জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করার প্রশ্ন এখানে রয়েছে। চিঠিতে যে ভাবে কাজ করার কথা বলা হয়েছে তাতে এর কোন সাহায্য হবে না।"

আবার সেই মৃত্যু এবং পঙ্গু হবার ভয়। অবশ্য এবার সেই ভয়কে ঢাকার জন্যে ব্যাপারটাকে জনসাধারণের সামনে তুলে ধরার কথা বারবার উল্লেখ করা হয়েছে।

দ্বিতীয়ত, (ঝ)তে শুধু মূল্যবান জীবনই নষ্ট হয়েছে একথা নির্জলা মিথ্যা। স্পষ্টই বোঝা যায় যে (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা (ঝ)'র বীরত্বে অনুপ্রাণিত হওয়া দূরের কথা বরংচ ভয় পেয়ে গেছেন। কিন্তু জেলের বাইরে সমস্ত পার্টি সভ্য, পার্টির কাছের যত লোক (ঝ)'র

বীরত্বপূর্ণ কাহিনী শুনেছেন, এবং খবরের কাগজগুলি চেপে যাওয়া সত্ত্বেও যেসব লোক সে কাহিনী জানতে পেরেছেন, তারা সবাই বিক্ষুব্ধ হয়ে উঠেছেন এবং পার্টির সভ্য ও সমর্থকদের মধ্যে নেহরু সরকারের বিরুদ্ধে লড়াই করার সংকল্প আরও ইস্পাতের মত শক্ত হয়েছে।

(ক)'র সংগ্রামের ফলে নেহরু সরকারের বর্বরতাও আরও প্রকাশ হয়ে গেছে এবং সরকারকে বিব্রত করে তুলেছে। বাংলায় জেলে এবং রাস্তায় জালিয়ানওয়ালাবাগ ঠিক এমনই হয়েছিল। পার্টির যে সভ্যগণকে অনশন ধর্মঘটের সময় (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা জলের দরে বিকিয়ে দিয়েছিলেন (ক)'র কমরেডরা শহীদ হয়ে তাকে পুনরুদ্ধার করেছেন।

(ক)'র সংগ্রাম জনগণের সামনে (ঞ)তে স্থানান্তরের চেয়ে অনেক বড় একটা জিনিষ তুলে ধরেছে—সে হচ্ছে সরকারের বর্বরতা এবং ফ্যাসিস্ট চরিত্র।

(ক)র সমর্থন নিয়ে (খ)র কেন্দ্রীয় কমিটির সদস্যরা কি বোঝাবার চেষ্টা করছেন? পৃথক করার নীতির বিরুদ্ধে, প্রদেশের বাইরে পাঠাবার প্রাথমিক ব্যবস্থা হিসাবে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর বন্দীদের ভিন্ন ভিন্ন জেলে জড়ো করার বিরুদ্ধে সমস্ত সংগ্রাম বন্ধ করে দেওয়া হোক—এই হোল তাদের উদ্দেশ্য। সজ্ঞানে বিনা দ্বিধায় তারা নিজেদের দাবীগুলিকে এইভাবে উপস্থিত করেছেন: "জনসাধারণ কোন সমস্যা সম্পর্কে সচেতন এবং বন্দীরা কি চায় না চায় সেসব বিচার না করেই, সরকার (ঞ)র পরিকল্পনা করছে এই অজুহাতে (ক) থেকে (খ)তে স্থানান্তরের সমস্ত চেষ্টার প্রতিরোধ করতে নির্দেশ দেওয়া হয়েছে।" (খ)র কেন্দ্রীয় কমিটির সদস্যরা যদি মনে করেন যে, (ঞ)তে স্থানান্তর করার কথাটা বাইরে পার্টির দ্বারা প্রচারিত একটা গুজব মাত্র, সরকারের সেরকম কোন ইচ্ছা নেই বলে যদি তাদের নির্ভরযোগ্য খবর থাকে, তাহলে সে কথা স্পষ্ট করে বলা উচিত। তাছাড়া তাদের আরও প্রমাণ করা দরকার যে দ্বিতীয় শ্রেণীর কয়েদীদের পৃথক করার কোন উদ্দেশ্য সরকারের নেই। এ যদি তারা প্রমাণ করতে পারেন তাহলে স্থানান্তরের প্রশ্নটাকে প্রত্যেক (ঘ)র বিচার অথবা প্রত্যেক লোকের পছন্দ অনুযায়ী বিচার করা যেতে পারে।

কিন্তু তার আগে স্থানান্তরের বিরুদ্ধে লড়াই করতে অস্বীকার করার অর্থ পৃথক করার বিরুদ্ধে লড়তে অস্বীকার করা, প্রদেশের বাইরে স্থানান্তরের প্রথম ধাপের বিরুদ্ধে লড়তে অস্বীকার করা। বাংলা দেশে [illegible] সরকার রাজবন্দীদের বক্সা ক্যাম্পে পাঠাবার জন্যে গোপনে [illegible] হচ্ছে। (অ) সরকারও নিশ্চয়ই এই ধরনের কোন ব্যবস্থা করছে—কারণ এটা সর্বভারতীয় নীতি।

এই অবস্থায় পৃথক করার জন্যে—স্থানান্তরের বিরুদ্ধে অথবা প্রাথমিক স্থানান্তরের বিরুদ্ধে জঙ্গী কায়দায় লড়াই না করার অর্থ প্রকাশ্য বিশ্বাসঘাতকতা ছাড়া আর কিছুই নয়। এবং (খ)র কেন্দ্রীয় কমিটির সদস্যরা তার পক্ষেই ওকালতি করেছেন। সংগ্রাম সংগঠন [illegible] হয়ে পড়ে এসে সময় পর্যন্ত সংগ্রাম স্থগিত রাখ—এই হচ্ছে তাদের কৌশল।

অবশ্য এক্ষেত্রে ঠিক যোগীদের মত, লড়াই থামাবার অজুহাত দেওয়া হয়েছে এই বলে যে সংগ্রামের বিষয়টা লোকের কাছে পরিষ্কার করে দেওয়া দরকার। এই কমরেডদের একটা কথা মনে রাখা দরকার—জনসাধারণ বোকা নয়, পৃথক করার বিরুদ্ধে কিংবা প্রদেশের বাইরে স্থানান্তর করার বিরুদ্ধে লড়াইয়ের অর্থ তারা সহজেই বুঝতে পারে। (ক)র কমরেডরা শুধু (খ)তে স্থানান্তর করার ব্যাপার নিয়ে লড়লেও লোকে তা বুঝত, কারণ অনশন ধর্মঘটের একটা দাবীই ছিল যে, রাজনৈতিক বন্দীদের তাদের জেলার মধ্যে রাখতে হবে।

সংগ্রাম লড়াই ছেড়ে পালাবার চেষ্টায় (খ)র কমরেডরা হাস্যকর পর্যায়ে গিয়ে পৌঁছেছেন। তারা বলছেন যে, জংগী প্রতিরোধের ফলে যদি সরকার অন্য প্রদেশে পাঠাবার ব্যবস্থা প্রত্যাহার করতে বাধ্য হয়, তাহলেও যথেষ্ট হবে না। "আমরা বিশেষ জোর দিয়ে বলতে চাই যে, পরপর কয়েকটা জেল সংঘর্ষের পর সরকার যদি (ঞ)তে স্থানান্তরের চেষ্টা ছেড়ে দেয়, তাহলেও আমাদের উদ্দেশ্য সফল হবে না। আমাদের উদ্দেশ্য শুধু অভিপ্রায়টাকে পরাস্ত করা নয়। সরকার যে পরাস্ত হয়েছে সেকথা জনসাধারণকে দেখান এবং বোঝানটাও আমাদের লক্ষ্য। সরকার যেন পরে এই যুক্তি দেওয়ার সুযোগ না পায় যে, (অ)র বন্দীদের (ঞ)তে স্থানান্তর করার কোন ইচ্ছাই তার কখনও ছিল না।"

এই যুক্তি অনুসরণ করে (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা তো একথাও বলতে পারতেন যে, প্রথমে নিজেদের (ঞ)তে স্থানান্তরিত হতে দিয়ে তারপর লড়াই শুরু করাটাই জনসাধারণের কাছে সরকারের হার প্রমাণ করার শ্রেষ্ঠ উপায়। তাঁদের বর্তমান যুক্তির চেয়ে এযুক্তি কিছু বেশী হাস্যকর নয়। (ঞ)তে স্থানান্তর করার প্রাথমিক ব্যবস্থা হিসাবে সরকার যখন বন্দীদের একটি বা দুটি জেলে জড়ো করছে জেলসমূহ প্রতিরোধ শুরু করলে, সরকারী পরিকল্পনাকে পরাস্ত করেও আমাদের উদ্দেশ্য সফল হবে না: শুধু বন্দীদের প্রতিরোধের উদ্দীপনার জোরে, সংঘর্ষ এবং প্রাণদানের জোরে সেই প্রতিরোধ যদি সরকারকে তার পরিকল্পনা বর্জন করতে বাধ্য করে তাহলেও নয়। কেন? কারণ, নিজের পরিকল্পনা বর্জন করতে বাধ্য হওয়ার পর সরকার হয়ত এক বিবৃতি দিয়ে বলবে যে, কোন বন্দীকে (ঞ)তে স্থানান্তর করার কোন ইচ্ছাই তার ছিল না। তাহলে জনসাধারণ আর বুঝবে না যে সরকারের হার হয়েছে। এই হোল এই কমরেডদের যুক্তি। (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা যা মনে করেন জনসাধারণ কিন্তু তার চেয়ে অনেক বেশী বুদ্ধিমান, রাজনৈতিক ভাবে অনেক বেশী সচেতন রক্তাক্ত সংঘর্ষের পর সরকারকে বিবৃতি প্রকাশ করতে দেখলে জনসাধারণ নিজের মত পরে বুঝে নেবে এবং সরকারী বিবৃতিকে মিথ্যা বলে ধরে নেবে। কারণ জনসাধারণ [illegible] আনন্দ পাওয়ার জন্যে [illegible] নয়। [illegible] পার্টিকে তারা সত্যিকারের বিপ্লবী পার্টি বলে এবং তার সভ্যদের সত্যিকারের বিপ্লবী বলে মনে করে। জনসাধারণ ঠিক উল্টো সিদ্ধান্তই করবে।

তারা বলবেন যে সরকার থেকে নিজে এমন ভয় দেখাবার চেষ্টা করবে। এই ধরনের সরকার কোনোর অতিরঞ্জিত এই কথাই বলে। (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা রাজনৈতিক শিশু নন, তাদের একথা বোঝা উচিত। কিংবা হয়ত জনসাধারণ বলতে তারা বোঝান বুর্জোয়া শ্রেণীর প্রভাবাধীন অনুচরদের এবং তাদের আশেপাশের লোকজনকে। তারা ভুলে গেছেন যে জনসাধারণের মধ্যে শ্রমিক, কৃষক এবং মধ্যবিত্তদের সাচ্চা অংশও আছে। একটার পর একটা লড়াইয়ের খবর লুকিয়ে রাখা যায় না। এবং সে খবর শুনে এরা সবাই নিশ্চয়ই চঞ্চল হয়ে উঠবে, সরকারী বিবৃতির বাগাড়ম্বর পেছনকার আসল তথ্য বুঝতে পারবে।

জনসাধারণ এবং তাদের চেতনার অভাবের ঘাড়ে দোষ চাপিয়ে নিজের সংস্কারবাদ এবং কাপুরুষতা ঢাকা—এ এক পুরাণ খোলীপন্থী ধারণা। (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা তারই পুনরুক্তি করেছেন। সরকারের পরিকল্পনা পরাস্ত হলেও তাতে খুব লাভ হবে না—তাদের এই হাস্যকর উক্তি কিন্তু আকস্মিক নয়। তারা চান যে পার্টি সমস্ত ধরনের জঙ্গী লড়াই বর্জন করুক। সমস্ত ধরনের জঙ্গী লড়াইয়ের বিরুদ্ধে সংস্কারবাদী প্রচারের এটা একটা অংশ। পৃথিবীর সর্বত্রই জঙ্গী কায়দা সম্পর্কে বিশ্বাস নষ্ট করার চেষ্টায় সংস্কারবাদীরা একাধিক পথ গ্রহণ করে। তারা বলে যে প্রতিরোধের জঙ্গী কায়দা গ্রহণ করলে পরাজয় সুনিশ্চিত; এ কথায় কোন ফল না হলে তারা প্রচার করে যে, এতে ফল হতে পারে কিন্তু অযথা অতিরিক্ত ক্ষতি স্বীকার করতে হবে; অহিংস সংগ্রামেও সেই একই ফল পাওয়া যায়; এই প্রচারেও যদি কাজ না হয় তখন তারা বলে যে, জঙ্গী কায়দায় অযথা কাজে বিশেষ কোন লাভ নেই। (খ)র কেন্দ্রীয় কমিটির সদস্যরা নিজেদের সুবিধা অনুযায়ী এই সব কটি যুক্তিই ব্যবহার করেছেন। তাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে জঙ্গী প্রতিরোধ সম্পর্কে আস্থা নষ্ট করা।

বাইরে থেকে পাঠান নির্দেশের বদলে তারা নিজেরা কোন পরিকল্পনা চালু করতে চান? প্রথম: পৃথক করার জন্য—স্থানান্তরের বিরোধিতা করো না—এই নিরীহ কথাটির মধ্যে তারা প্রদেশের মধ্যে স্থানান্তরকেও ধরেছেন এবং দ্বিতীয় শ্রেণীর বন্দীদের স্থানান্তর যে অধিকাংশ ক্ষেত্রে এই পৃথক করার জন্যই করা হয় সেকথা চেপে গেছেন। দ্বিতীয়তঃ পৃথক করা সম্পূর্ণ হয়ে গেলে এবং প্রদেশের বাইরে অথবা (ট)র মত কোন জায়গায় স্থানান্তরের হুকুম এলে তবে প্রতিরোধ করা। তৃতীয়তঃ এবং তারপরও যে প্রতিরোধ করবে সে হচ্ছে নিষ্ক্রিয় প্রতিরোধ, "আত্মরক্ষামূলক প্রতিরোধ" কিন্তু কোনক্রমেই জঙ্গী প্রতিরোধ নয়। এইভাবে নীতিগত ভাবেই জঙ্গী প্রতিরোধকে নাকচ করে দেওয়া হয়েছে।

এই কৌশলের অর্থ যে শত্রুকে সহজেই জিততে দেওয়া এবং সচেতনভাবে সমস্ত প্রতিরোধ বানচাল করা ছাড়া আর কিছুই নয় সেকথা সহজেই বোঝা যায়, সেবিষয়ে সন্দেহ থাকার কোন কারণ নেই।

অন্যদের চোখে ধুলো দেবার জন্য (খ)র কেন্দ্রীয় কমিটির সদস্যরা নিজেদের বক্তব্যে মার্কসবাদী বুলি দিয়ে সাজিয়েছেন। অথচ তারা যে ধরনের 'মার্কসবাদ' প্রচার করেন তার সঙ্গে মার্কসবাদ-লেনিনবাদের কোনই সম্পর্ক নেই।

নিজেদের সুবিধাবাদকে সমর্থন করার জন্য তারা বাইরের পার্টিকে বিদ্রূপ করেন, সে জনগণকে জমায়েৎ করতে পারে না বলে। তারা একবারও ভেবেও দেখেন নি যে, তারা নিজেরা যে রোগে ভুগছেন বাইরেও হয়ত সেই কারণেই এই অবস্থা।

তারা এও বোঝেন না যে, অন্যরাও হয়ত সংগঠন এবং সংগ্রামের বিপ্লবী নীতি এবং কায়দা আয়ত্ত করতে পারে নি এবং সেইজন্যেই কঠিন বে-আইনী অবস্থার বাধা ভেংগে এগোতে পারছে না।

বাইরে থেকে পাঠান চিঠিখানির অর্থ দাঁড়ায় যে বাইরের আন্দোলনের অবস্থার সংগে আন্দোলনের কোন সম্পর্ক নেই—এই অভিযোগ তারা করেছেন। কিন্তু তাদের সে অভিযোগ ভুল। পাকা সংস্কারবাদীদের মত তারা বর্তমান বিপ্লবী যুগের কথা, সারা ভারতের ঘটনাবলীর কথা, তাদেরই কমরেডরা অন্যান্য প্রদেশে যেসব লড়াই চালাচ্ছেন তার কথা ভুলে গেছেন। সেই জন্যেই তারা ঐ অভিযোগ এনেছেন। (অ) শহরে কি ঘটছে বা না ঘটছে তাকেই এই কমরেডরা আন্দোলনের অবস্থা বলে মনে করেন। তেলেঙ্গানার সংগ্রামের কথা, অন্ধ্র, কেরালা, তামিলনাদে প্রতিরোধের কথা, বাংলায় মেদিনীপুরের মত বিভিন্ন জায়গায় যে দীর্ঘদিন ধরে যুদ্ধ চলছে সেই অপূর্ব প্রতিরোধের কথা, কৃষক জনতা, কৃষক মহিলারা পুলিশের হাত থেকে কমিউনিস্ট নেতাদের উদ্ধার করার জন্যে যে বারবার আক্রমণ করছে তার কথাও তাদের মনে থাকে না। মনে না থাকাটাই সুবিধাজনক।...'র চিঠিতে এই এই অবস্থার এই বিপ্লবী যুগের পরিপ্রেক্ষিতেই নির্দেশ দেওয়া হয়েছিল। যে কোন প্রকারে সুবিধাবাদী কার্যকলাপ চালিয়ে যাবার জন্যে (খ)'র কমরেডরা এতই উৎসুক যে, যে বিপ্লবী যুগের ফলে সারা ভারতে বারবার সংঘর্ষ হচ্ছে, (ঠ) এবং (ড)'র গুলিচালনা ঘটেছে, সেই বিপ্লবী অবস্থার কথাই তারা সুবিধামত ভুলে গেছেন। এবং এর পর তারা যুক্তি দিতে চান যে, একমাত্র অহিংস প্রতিরোধই প্রতিরোধকে বানচাল করাই—বাইরের আন্দোলনের অবস্থার সঙ্গে খাপ খায়। আন্দোলনের অবস্থার সঙ্গে খাপ খাইয়ে আন্দোলনের রূপ ঠিক করা বলতে তারা এই বোঝান! তাদের আসল দাবী হোল, পার্টির অগ্রসর ইউনিটগুলির সঙ্গে তাল রেখে নয়, অথবা জঙ্গী জনগণের মনোভাব কিংবা দেশে শ্রেণী-সংগ্রামের অবস্থা অনুযায়ী নয়, কয়েকটি পার্টি ইউনিটের পশ্চাৎপদতা এবং বিশৃঙ্খলার সঙ্গে খাপ খাইয়ে লড়াইয়ের রূপ ঠিক করতে হবে।

প্রকৃতপক্ষে (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা দেশে বিপ্লবী অবস্থা এবং বিপ্লবী ঘটনাবলীর অস্তিত্বই অস্বীকার করেন। কারণ, তারা প্রথমে বলেছেন, জেলের মধ্যে এবং বাইরের আন্দোলনের অবস্থার সঙ্গে খাপ খাইয়ে আন্দোলনের রূপ ঠিক করতে হবে; তারপর তারা বলছেন ভারতের সর্বত্রই

লড়াইয়ের জঙ্গী কায়দা বর্জ্জন করতে হবে। এ থেকেই স্পষ্ট বোঝা যায় যে তাদের মতে ভারতের কোন জেলের অবস্থার সঙ্গেই লড়াইয়ের জঙ্গী ধরণ খাপ খায় না। সুতরাং বেশ বোঝা যায় যে তারা আজকের বিপ্লবী যুগকে, বিপ্লবী সম্ভাবনাকে এবং তেলেঙ্গানার জংগী বিপ্লবী লড়াইকে স্বীকার করেন না। এই হোল তাদের মার্কসবাদের পরিণতি।

তাছাড়া, কোন একটা বিশেষ ব্যাপারে জনগণের-সাড়া পাওয়া গেল কি গেল না, তারই ওপর ভিত্তি করে আন্দো-লনের অবস্থা বোঝার চেষ্টা করা ছেলেমানুষি ভুল। সাং-গঠনিক ভুলের কথা ছেড়ে দিলেও, কোন বিশেষ ব্যাপারে জনগণের সাড়া আরও অনেকগুলি কারণের ওপর নির্ভর করে। পার্টির প্রভাব এবং বিপ্লবী চেতনা যতই বাড়বে, গুরুত্বপূর্ণ এবং প্রধান প্রধান ব্যাপারগুলিতে জনগণের সাড়াও ততই সমান হবে। কিন্তু তখনও কম বেশী হবেই। আই-কি-পির জেল পরিদর্শনের সময় (ঘ) জেলের সামনে বিক্ষোভ প্রদর্শন করা যায় নি, কিংবা [ট]তে কোন প্রতিবাদ ধর্ম্মঘট করা যায় নি—এই ঘটনা থেকেই বাইরের আন্দোলনের অবস্থা বিচার করার চেষ্টা নিতান্তই অর্থহীন।

এইভাবে বিচার করলে, তেলেংগানাকে অনেকদিন আগেই আমাদের শেষ করে দেওয়া উচিত ছিল। তেলেং-গানার সমর্থনে পার্টি কি কোন প্রত্যক্ষ সংগ্রাম করতে পেরেছে? তেলেংগানার বাণী প্রচার করা এবং তার বিরুদ্ধে কুৎসার বিরোধীতা করা ছাড়া পার্টি আর কি করতে পেরেছে? তেলেংগানার সমর্থনে কোন সক্রিয় গণসমর্থন জাগান গেছে? কোন প্রতিবাদ ধর্ম্মঘট, কোন সাধারণ ধর্ম্মঘট? আজও কি তা সংগঠন করা সম্ভব? জনতার সাড়া যখন এই রকমের, তখন সারা ভারতীয় আন্দোলনের অবস্থার সংগে তেলেংগানা খাপ খায় না—এই কথা বলে প্রতিরোধ বন্ধ করে দেওয়াই কি আমাদের উচিত ছিল? বন্ধ করলে জঘণ্যতম বিশ্বাসঘাতকতার কাজ হোত।

তেলেঙ্গানা লড়ে চলেছে এবং হাজার হাজার শ্রমিক কৃষক যোদ্ধাকে অনুপ্রেরণা দিচ্ছে। তারা তেলেঙ্গানার সমর্থনে কোন সংগ্রাম সংগঠিত করতে না পারলেও, সাধা-রণ শত্রুর বিরুদ্ধে লড়াই শুরু করে তেলেঙ্গানাকে সাহায্য করছেন। তেলেঙ্গানাকে প্রত্যক্ষভাবে সাহায্য করার জন্যে কলকাতার জনগণ যে প্রায় কিছুই করেনি সেকথা কে অস্বীকার করবে? কিন্তু একথাই বা কে অস্বীকার করবে যে তাদের নিজেদের বারবার লড়াই এবং সংঘর্ষ তেলে-ঙ্গানাকে সাহায্য করেছে! যে বিপ্লবী মনোভাব চরমে উঠেছে, তেলেঙ্গানার মত এগুলিও যে সেই একই বিপ্লবী মনোভাবের প্রতিফলন তাইবা কে অস্বীকার করবে? যেহেতু তেলেঙ্গনার ব্যাপারে কোন জঙ্গী লড়াই হতে পারেনি, সুতরাং তেলেঙ্গানা বা জংগী লড়াই কোনটাই আন্দোলনের অবস্থার সংগে খাপ খায় না, সুতরাং এ দুই-কেই বর্জ্জন করা উচিত—একথা বলা যুক্তিসংগত হবে না। অথচ (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের নীতির এই অর্থই দাঁড়ায়। আমরা বুর্জ্জোয়া বিরোধী আন্দোলনের অংশ হিসাবে নয়, কমিউনিস্ট হিসাবে লড়ছি। জনতার সাড়ার কথা ভাববার সময় আমাদের কমরেডরা এই কথাটি বোধহয় ভুলে যান। তারা বোধহয় আরও ভুলে যান যে, তারা আগেকার তুলনায় পৃথক শক্তির বিরুদ্ধে লড়ছেন—আজকে (ঝ)তে গণসমর্থন জমায়েৎ করার অর্থ কংগ্রেস সরকারের বিরুদ্ধে প্রত্যক্ষভাবে কমিউনিস্টদের সমর্থনে গণসমর্থন জমায়েৎ করা। এবং তার জন্য সরকার, শ্রমিক এলাকার মূল কর্মীদের নিয়ন্ত্রণ করে যে সোস্যালিস্ট পার্টি তার কার্যকরী প্রতিরোধকে এবং খবর কাগজগুলির খবর চেপে যাওয়াকে পরাস্ত করা।

(গ)'র কাজের ধারা এবং সাংগঠনিক ব্যবস্থা যদি সংস্কারবাদ থেকে মুক্ত হোত, ১লা মের বিরাট গণ-সমা-বেশের সুযোগ নিয়ে সে যদি প্রতিবাদ ধর্ম্মঘটের তারিখ ঘোষণা করত, সে যদি কাজের বিপ্লবী সাংগঠনিক কায়দা-গুলিকে মিলিয়ে প্রয়োগ করতে পারত এবং (থ) ও অন্যান্য জায়গায় নেতারা যদি আতংকে তাড়াতাড়ি ধর্ম্মঘট উঠিয়ে না নিতেন, তাহলে যে বিপুল সাড়া পাওয়া যেত সে সম্পর্কে সন্দেহ নেই। একথা মনে রাখা দরকার যে, শুধু বাইরের কমরেডরাই শ্রমিকদের আশা ভঙ্গ করেননি; ঠিক যখন অবস্থা চরমে উঠছে, প্রশ্নটা জনসাধারণের নজরে এসে পড়ছে, ঠিক সেই সময় অনশন ধর্ম্মঘট প্রত্যাহার করে অনশন ধর্ম্ম-ঘটের নেতারাও শ্রমিকদের আশা ভঙ্গ করেছেন। (থ)র কমরেডরা বাইরের কমরেডদের সমালোচনা করেছেন কিন্তু এই বিশৃংখল অবস্থা সৃষ্টির জন্য নিজেদের দায়িত্বের কথা ভুলে গেছেন। এবং এখন তাদের দাবী, তারা নিজেরা এবং বাইরের বিভিন্ন কমিটি যে বিশৃংখল অবস্থা সৃষ্টি করেছেন তাতেই আন্দোলনের অবস্থার প্রকৃত ছবি বলে ধরে নেওয়া হোক, আর তার সংগে খাপ খাইয়ে প্রতি-রোধের রূপ ঠিক করা হোক।

এসব ছাড়াও, বাইরের আন্দোলন এবং সাড়ার সংগে জেল সংগ্রামের সম্পর্ক কি, সে সম্বন্ধেও (খ)র কেন্দ্রীয় কমি-টির সদস্যদের ধারণা সম্পূর্ণ ভুল। সরকারের স্বরূপ প্রকাশ করে দেওয়া, জনসাধারণকে জাগান আর সরকারকে আপোষ এবং আত্মসমর্পণে বাধ্য করার ব্যাপারে জেল সংগ্রামের যে নিজস্ব স্বাধীন ভূমিকা এবং দায়ীত্ব আছে, সেটা তারা দেখতে পান না। যে পার্টির নেতৃত্বে বাইরে থেকে প্রত্যক্ষ সমর্থন সরকারকে পরাস্ত করা এবং ভেতরের আর বাইরের লড়াইকে সংযুক্ত করার পক্ষে খুব শক্তিশালী হাতিয়ার তাতে সন্দেহ নাই। রাজনৈতিক বন্দীদের সংগ্রাম যে অত্যন্ত গুরুত্বপূর্ণ রাজনৈতিক সংগ্রাম তাতেও কোন সন্দেহ নেই, যেসব পার্টি কমিটি এই সংগ্রামের পিছনে সমর্থন জমায়েৎ করার জন্য বিশেষ চেষ্টা করে না, তাদের সংগ্রাম বানচাল করার অপরাধে অপরাধী বলে মনে করতে হবে। [অ] এবং [চ]র তরফ থেকে সমর্থন গড়ে তুলতে না পারাটা নিঃসন্দেহে একটা গুরুতর ব্যাপার। কিন্তু অনশন ধর্ম্মঘট কারীদেরও জনসাধারণের কাছে, শ্রমিক শ্রেণীর কাছে আবেদন করার একটা শক্তিশালী হাতিয়ার ছিল—তাদের নিজেদের অনশন ধর্ম্মঘট। এই অস্ত্রের জোরে কিছুদিন আগে বা পরে, সরকার আপোষ করতে বাধ্য হোত।

তাছাড়া, বাইরের পার্টি সমর্থন গড়ে তোলার নিরবিচ্ছিন্ন সুযোগ পেত। অবশ্য অংগহানি হবার বা জীবন হারাবার ঝুঁকি না নিয়ে এর কোনটাই করা যায় না—আর সেখানেই যত গণ্ডগোল।

বাইরের পরিকল্পনা ফেঁসে যাওয়ায় অনশন ধর্মঘটের নেতাদের দায়িত্ব আরও বেশী হয়ে পড়েছিল। সে দায়িত্ব পালন করার মত যোগ্যতা তারা দেখাতে পারেন নি। জনগণকে জাগাবার ব্যাপারে জেল সংগ্রামের স্বাধীন ভূমিকা আর সরকারকে আত্মসমর্পণ বা আপোষে বাধ্য করার ক্ষমতা তাদের মনে ছিল না। তারা ভুলে গিয়েছিলেন যে, অনশন ধর্মঘট সরকারের বিরুদ্ধে জনগণের কাছে আবেদন করার প্রত্যক্ষ হাতিয়ার। এসব কথা ভুলে গিয়েছিলেন বলেই তারা ব্যর্থ হয়েছেন।

তাদের ব্যর্থতার কারণ, জেল সংগ্রাম এবং বাইরের জনগণের মধ্যেকার সম্পর্ক সম্বন্ধে তাদের ভ্রান্ত সংস্কারবাদী ধারণা। তাদের দৃষ্টিভঙ্গীর অর্থ দাঁড়ায় যে, জেলের ভেতরকার সংগ্রাম কেবল প্রতীক-সংগ্রাম, আর আসল সংগ্রাম চালাবার দায়িত্ব জনগণের অথবা বাইরের পার্টির। এবং সেটাও করে ফেলতে হবে কারোর জীবন বা অঙ্গহানির আশংকা দেখা দেবার আগেই। কংগ্রেসীরা জেলের মধ্যে সকল লড়াই করত, বাইরে সরকার বিরোধী কাগজগুলো তাদের সমর্থন করত এবং শেষপর্য্যন্ত একটা তুচ্ছ আপোষ হয়ে যেত। কংগ্রেসীদের সেই ধারণাকেই এই কমরেডরা আমদানী করেছেন। এইসব কেন্দ্রীয় কমিটির সভ্যরা যে দলিলখানা পাঠিয়েছেন এবং যেসব যুক্তি দিয়েছেন তার এছাড়া কোন অর্থই হয় না।

সেইসঙ্গে একথাও বলে রাখা দরকার যে, অধিকাংশ জেল কমরেডরাই কলকাতার মত রাজপথে সংঘর্ষ, বিক্ষোভ প্রভৃতির সুবিধা ছাড়াই নিজেদের লড়াই চালিয়েছেন। নিজেদের প্রতিবাদ এবং কষ্টভোগের মধ্য দিয়ে জনগণকে জাগাবার কাজ তারা চালিয়ে গেছেন এবং সাধারণতঃ সরকারকে আপোষ বা আত্মসমর্পণ করতে বাধ্য করেছেন। কলকাতায় বা অন্য কোন জায়গায়ই আমাদের কমরেডদের অনশন ধর্মঘটের সমর্থনে বা তাদের ওপর গুলি চালনার প্রতিবাদে শ্রমিকদের সাধারণ ধর্মঘট করা সম্ভব হয় নি। শ্রমিক শ্রেণীর তরফ থেকে এই সমর্থনের অভাব বা অন্যান্য প্রদেশে কোন প্রকাশ্য বিক্ষোভের অভাবকে কেউ অনশন ধর্মঘট প্রত্যাহার করার এবং জেলের মধ্যে প্রতিরোধ সম্পর্কে বিশ্বাস হারাবার অজুহাত করে নি। কলকাতার বাইরে অন্যান্য জায়গার কমরেডদের কলকাতার তুলনায় স্বতন্ত্র অবস্থার মধ্যে লড়তে হয়েছে। কিন্তু তা বলে তারা ঘাবড়ে যান নি। নিজেদের অনশন ধর্মঘটের ক্ষমতা আর ভূমিকা তারা সঠিকভাবে বুঝতে পেরেছিলেন এবং রাজনৈতিক বন্দীদের অধিকার আর পার্টির সুনাম রক্ষার দায়িত্ব তারা পালন করে গেছেন।

সুতরাং বোঝা গেল যে, (খ)'র কেন্দ্রীয় কমিটির সভ্যরা বন্দীদের লড়াইয়ের মূল দায়িত্ব এবং ভূমিকার কথা, নিজেদের অন্ত-নিরপেক্ষ শক্তির কথা ভুলে গেছেন। জনগণ আসল লড়াই চালাবে আর তারা নিজেদের লড়াইকে নামমাত্র প্রতিরোধে পরিণত করতে চান।

নিজেদের সুবিধাবাদী নীতির সমর্থনে (খ)'র কমরেডরা লেনিন এবং স্ট্যালিনের উল্লেখ করেছেন। অবশ্য তারা কোন উদ্ধৃতি দেন নি। না দিয়ে ভালই করেছেন। কারণ তাদের সুবিধাবাদী নীতির সমর্থনে একটি উদ্ধৃতিও তারা খুঁজে পাবেন না। তাদের যুক্তিটা মোটামুটি এইরকম:—বন্দী কায়দায় জেল সংগ্রাম চালানটা তাদের মতে আন্দোলনের অবস্থার সংগে খাপ খায় না, তাছাড়া (খ) জেলের কিছু কিছু অদলীয় লোক হয়ত তাতে সমর্থন করবে না—এই জনসাধারণের লড়াই চালানর অর্থ শুধু পার্টির কর্মীদের নিয়ে লড়াই করা, শুধু অগ্রণী দলকে নিয়ে লড়াই করা। সুতরাং এ লড়াই লেনিন এবং স্ট্যালিনের শিক্ষাসম্মত নয়। কমরেডদের কথা শুনলে মনে হয় যেন তাদের জেলের মধ্যে নিজেরাই একটা বিপ্লব সংগঠিত করতে এবং রাজনৈতিক ক্ষমতা প্রতিষ্ঠা করতে বলা হয়েছে। অবশ্য এমন অদ্ভুৎ কোন দাবী করা হয় নি। পার্টি কর্মীদের শুধু এই কথাই বলা হয়েছে যে, শ্রমিক বন্দীদের পৃথক করার এবং বন্দীশিবিরে পাঠাবার চেষ্টাকে বন্দী কায়দায় প্রতিরোধ করতে হবে। জেলের মধ্যে পার্টি কর্মীরাই বিপুল সংখ্যাধিক, তারা ছাড়া এই লড়াই আর কে করবে? আর, কোন কোন অদলীয় লোক যদি এই লড়াইয়ে যোগ না দেয়, তাহলেও পার্টি কি বসে তাদের তোষণ করে এবং লড়াই ছেড়ে পালায়? এ অদলীয় লোকদের নেতৃত্ব দেওয়া নয়, এ হচ্ছে লড়াই বানচাল করার অজুহাত হিসাবে তাদের ব্যবহার করা। বারবার (গ)'র কথা উল্লেখ করে কেন্দ্রীয় কমিটির সভ্যরা এই কথাই প্রকাশ করে দিয়েছেন যে, লড়াই এবং আন্দোলন মারফৎ এইসব লোকদের পক্ষে আনবার সব আশাই তারা ছেড়ে দিয়েছেন, এবং এদের দোমনাভাব দিয়ে নিজেদের সুবিধাবাদকে ঢাকবার চেষ্টা করছেন। যে যুক্ত-ফ্রণ্টে পার্টি তার সহযোগীদের দ্বিধাকেই ভিত্তি করে, শ্রেণী-সংগ্রামের প্রয়োজন নয়, তাদের দ্বিধাকেই বিচারের মাপকাঠি করে, তাকে যুক্তফ্রণ্ট বলা যায় না, সে হচ্ছে পাকা বোম্বীপন্থী কায়দায় অন্যদের কাছে আত্মসমর্পণ।

(খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের নীতিগত বক্তব্য হচ্ছে—আমরা হলাম অগ্রণী বাহিনী; আমাদের একলা লড়াইয়ে ঠেলে দিতে পার না—কারণ, লেনিন এবং স্ট্যালিনের শিক্ষা অনুযায়ী সেটা ভুল হবে। কেন্দ্রীয় কমিটির এই সদস্যরা যদি লেনিন পড়ার কষ্ট স্বীকার করতেন এবং উদ্ধৃতি দিতেন, তাহলে ভাল হোত। অগ্রণী বাহিনী এবং জনতার মধ্যে সম্পর্ক সম্বন্ধে লেনিন যা বলেছেন তা এই:

"শ্রমিক শ্রেণীর অগ্রণী বাহিনীকে পক্ষে আনা গেছে, সে পার্লামেন্টারী প্রথার বিরুদ্ধে সোভিয়েট সরকারের পক্ষে, বুর্জোয়া গণতন্ত্রের বিরুদ্ধে সর্বহারার একাধিপত্যের পক্ষে দাঁড়িয়েছে, এতেই প্রধান জিনিষটা—অবশ্য, মোটেই সমস্তটা নয়, কিন্তু প্রধান জিনিষটা সম্পন্ন হয়েছে। সর্ব

হারার অগ্রণী বাহিনীকে মতবাদের দিক থেকে গড়ে তোলা হয়েছে। এই হোল প্রধান কথা। এ ছাড়া বিজয়ের দিকে প্রথম পদক্ষেপও সম্ভব নয়। কিন্তু এরপরও বিজয় আরও অনেক দূরে। শুধু অগ্রণী বাহিনীকে দিয়েই জয়লাভ করা যায় না। সমগ্র শ্রেণী, সমগ্র জনগণ প্রত্যক্ষভাবে অগ্রণী বাহিনীকে সমর্থন করার, কিংবা অন্তত তার প্রতি সহানুভূতিশীল নিরপেক্ষতার অবস্থায়, যখন তারপক্ষে আর কিছুতেই শত্রুকে সমর্থন করা সম্ভব নয়। এমন অবস্থায় আসার আগে অগ্রণী বাহিনীকে একলা চূড়ান্ত লড়াইয়ে নামিয়ে দেওয়া।...[পৃঃ ৬২৬-৬২৭, বামপন্থী কমিউনিজম্—লেনিনের দুইখণ্ড সংস্করণের দ্বিতীয় খণ্ড।]

অগ্রণী বাহিনীকে লড়াইয়ে নামিয়ে দেওয়া সম্পর্কে অসাধারণ কথাবার্তা না বলার শিক্ষা এর থেকে (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের হওয়া উচিত। লেনিন এখানে "সর্বহারা বিপ্লবের দিকে অগ্রসর হওয়ার এবং রূপান্তরের বিভিন্ন রূপ অনুসন্ধান করা" সম্পর্কে লিখেছেন। এই উপলক্ষেই তিনি চূড়ান্ত লড়াইয়ে অর্থাৎ ক্ষমতা দখলের লড়াইয়ে অগ্রণী বাহিনীকে একলা, জনগণকে তা কাছে এসে পৌঁছবার সুযোগ না দিয়েই, নামিয়ে দেওয়ার বিরুদ্ধে সতর্ক করে দিয়েছেন।

উপযুক্ত অবস্থা সৃষ্টি হওয়ার আগেই রাষ্ট্রক্ষমতা দখলের চেষ্টার বিরুদ্ধে, অগ্রমিক অংশকে সেই সিদ্ধান্তে এসে পৌঁছবার সুযোগ না দিয়ে, সর্বহারা অগ্রণী বাহিনী একলা সোভিয়েটের পক্ষে সিদ্ধান্ত নিয়েছে—শুধু এই তথ্যের জোরে চূড়ান্ত লড়াইয়ে নেমে যাওয়ার বিরুদ্ধে এই সতর্কবাণী। জেলে পৃথক করার ব্যবস্থা প্রভৃতির বিরুদ্ধে কমিউনিস্ট পার্টির সভ্যদের লড়াইয়ের সংগে এর অনেক তফাৎ। এবিষয়ে অন্তত কোন স্পষ্টতার অভাব থাকা উচিত নয়।

আসলে, অগ্রণী বাহিনীর নামে (খ)'র কমরেডরা জেলের মত যে কোন লড়াইয়ের দায়িত্বই এড়িয়ে যেতে চান। এরা বোধ হয় ভাবেন যে, যেসব লোক লড়াই করতে চায় না তাদের নিয়েই অগ্রণী বাহিনী তৈয়ার হয়; এবং মার্কসবাদী তত্ত্বের কথা ছেড়ে দিলেও, ব্যক্তিগত বীরত্ব, সাহস, শ্রেণী সম্পর্কে গর্ব, এসব জিনিষও অগ্রণী বাহিনীর থাকার দরকার নেই। বহু বছরের সংস্কারবাদের ফলে, কিছু লোক কাপুরুষতাকেই বড় করতে শুরু করেছে এবং সাহসী, বীরত্বপূর্ণ প্রতিরোধের ভূমিকাকে তুচ্ছ করতে শুরু করেছে। সংস্কারবাদের ফলে অনেকেই ভুলে গেছেন যে, একজন কমিউনিস্টের ব্যক্তিগতভাবে সাহসী হওয়া দরকার এবং তাকে জনগণের দাবীর জন্য লড়াইয়ের সামনে থাকতে হবে। (খ)'র কমরেডদের যুক্তি গ্রহণ করলে, পার্টির নেতাদের বা সভ্যদের দ্বারা সংগঠিত প্রত্যেকটি সভা বা শোভাযাত্রা পুলিশের দ্বারা আক্রান্ত হলেই—বন্ধ করে দিতে হয়। কারণ, তা না হলে অগ্রণী বাহিনীকে বলি দিতে হয়। পার্টি তার কর্মীদের বাঁচাবার চেষ্টা করে এবং চেষ্টা যে করাই দরকার সে সম্পর্কে কোন সন্দেহ নেই। কিন্তু শ্রেণী সংগ্রামকে বানচাল করে, তার স্বার্থ বলি দিয়ে কিংবা শ্রেণী সংগ্রাম ছেড়ে পালিয়ে গিয়ে সেকাজ হয় না।

(খ)'র কমরেডরা এই পথই নিয়েছেন। বাইরের পার্টি এই পথ গ্রহণ করলে, লড়াইয়ের সংগঠন হিসাবে পার্টি শেষ হয়ে যাবে। বাইরে, প্রকাশ্যেই হোক আর গোপনেই হোক, পার্টির সভা এবং কর্মীদের সমাবেশ পরিচালনা করতেই হবে। তাতে অনেকে ধরা পড়েন; অনেকের জীবনও যায়। নতুন কর্মীরা এসে তাদের জায়গা নেয়। সংগ্রামের অগ্রগতি থামে না। সেই সংগে, পার্টি নেতৃত্বের মূল কেন্দ্রকে বাঁচিয়ে রাখার, একটানা নেতৃত্ব বজায় রাখার জন্যে সমস্ত রকম ব্যবস্থা করা হয়। লড়াই দিলে লড়াই ছেড়ে পালিয়ে নয়, অসুবিধা সত্ত্বেও লড়াই পরিচালনা করেই পার্টির অগ্রণী ভূমিকা প্রতিষ্ঠিত হয়।

আসলে [খ] কমরেডদের নীতি হচ্ছে জেল সংগ্রামে সবদিক থেকে পার্টির অগ্রণী ভূমিকা বর্জন করার নীতি। অদলীয় লোকদের সম্পর্কে নিজেদের অগ্রণী ভূমিকা তারা বর্জন করেছেন। এইসব অদলীয় লোকের চেতনাকে শ্রমিক শ্রেণীর চেতনার পর্য্যায়ে তুলে না এনে তারা অদলীয় নেতাদের হাতেই উদ্যোগ ছেড়ে দিয়েছেন। পৃথক করার বিরুদ্ধে লড়াইয়ে তাদের পরিচালনা না করে এই কমরেডরা তাদের লড়াই মেনে নিয়েছেন এবং সংগ্রামে বিশৃংখলা সৃষ্টি করেছেন। সংগ্রামের রূপ সম্পর্কেও তারা পশ্চাৎপদ অশ্রমিক অংশের কাছে হার স্বীকার করেছেন। তাদের সংগে মতের মিল আছে বলেই তারা একাজ করেছেন। এইভাবে দেখা যায় যে, এই কমরেডরা নিজেদের অগ্রণী বাহিনী বললেও আসলে তাদের সংগে অদলীয় লোকদের কোন তফাৎ নেই, তারা বোধ হয় ভাবেন যে, অগ্রণী বাহিনী তাদের কাজ এখন সব জঙ্গী সংগ্রাম এড়িয়ে চলা এবং মুক্তির পর বেরিয়ে এসে নেতৃত্ব নেবার জন্য অপেক্ষা করা। এভাবে নেতৃত্ব প্রতিষ্ঠা হয় না, অগ্রণী বাহিনীও এভাবে বেড়ে ওঠে না।

পার্টির অগ্রণী ভূমিকা সম্পর্কে স্ট্যালিন বলেছেন:

"যে পার্টি বোঝে যে সে শ্রমিক শ্রেণীর অগ্রণী বাহিনী এবং যে **পার্টি জনগণকে শ্রমিক শ্রেণীর শ্রেণী-স্বার্থের স্তরে তুলে আনতে পারে** [বড় হরফ পি-বি'র] একমাত্র সেই পার্টিই শ্রমিক শ্রেণীকে ট্রেড ইউনিয়নবাদের পথ থেকে সরিয়ে এনে তাকে এক স্বাধীন রাজনৈতিক শক্তিতে পরিণত করতে পারে।"

[লেনিনবাদের ভিত্তি, পৃঃ ৮২]

৮৩ পৃষ্ঠায় স্ট্যালিন লেনিনের উদ্ধৃতি দিয়েছেন:

"জনসাধারণের বিপুল থেকে বিপুলতর অংশকে সব চেয়ে উঁচু স্তরে তোলবার যে স্থায়ী দায়িত্ব অগ্রণী বাহিনীর রয়েছে তা ভুলে যাওয়ার অর্থ হোল শুধু নিজেদের ঠকানো, কর্তব্যের বিরাটত্বের দিকে চোখ বুজে থাকা এবং এই কর্তব্যকেই সংকীর্ণ করে ফেলা।"

[খ]'র কমরেডরা নিশ্চয়ই অদলীয় লোকদের পরিচালনা করছেন না, বরং তাদের উচ্চ স্তরে তুলে আনবার দায়িত্ব ভুলে যাচ্ছেন, আদর্শের দিক থেকে পিছনে চলেছেন।

(ক)র জেলসমূহে পার্টি সভ্য এবং পার্টি সমর্থকরাই যে বিপুল সংখ্যাধিক, এবং পার্টিই সরকারের বিরুদ্ধে প্রকৃত

বিরোধী শক্তি, বিপ্লবী শক্তি হওয়াটাই এটা স্বাভাবিক ফল সেকথা ভুলে গিয়ে তাঁরা অদলীয় লোকদের নিয়ে যেরকম বাড়াবাড়ি করেছেন তা থেকেই তাদের সুবিধাবাদের স্বরূপ বোঝা যায়। এই রকম সময়ে, এমনভাবে কাজ করা যেন যুক্তফ্রন্টের মধ্যে পার্টি একটা ক্ষুদ্র তুচ্ছ শক্তি, পার্টি যেনমন্ন বিরোধীদের মধ্যে একটা দুর্বল শক্তি ছিল তখনকার মনোভাব আমদানী করাটা নির্লজ্জ সুবিধাবাদ ছাড়া আর কিছুই নয়। এ হচ্ছে অশ্রমিক লোকজনের পিছনে লেজুড় হয়ে চলার একটা বিশেষ ধরণ। (আর জেলে তারাই যে সংখ্যায় বেশী এই কথাটা তারা ভুলে গেছেন। নিজেদের বন্দী কমরেডদের কথা, সংগ্রামী শ্রমিক কর্মীদের কথা ভুলে গিয়ে তারা অশ্রমিক সহযোগীদের চেতনার সংগে নিজেদের খাপ খাইয়ে নিয়েছেন। তাদের চিঠির প্রতি ছত্রে [৩]'র উল্লেখ, কিন্তু অন্যান্য জেলে শ্রমিক বন্দীদের অস্তিত্ব সম্পর্কে, আমাদের কমরেডদের সম্পর্কে, আমাদের শ্রমিক কর্মীদের সম্পর্কে, তাদের প্রয়োজন সম্পর্কে কোন উল্লেখ নেই বললেই চলে। মনে হয় যেন আমরা (৩)কে পরিচালনা করছি না, বরং তারাই আমাদের পরিচালনা করছে।

এই আত্মসমর্পণ-নীতির চূড়ান্ত হোল যখন (ক)র জল্লাদ আই-বি-পির বিরুদ্ধে আমাদের কমরেডরা কোন বিক্ষোভ সংগঠন করতে পারলেন না। তারা যেভাবে একেবারে নির্লজ্জের মত, কোন আত্মসমালোচনা না করে; এই ঘটনা বর্ণনা করেছেন তা থেকেই তাদের চেতনার চরম অবনতি এবং রাজনৈতিক আত্মমর্যাদা জ্ঞানের অভাব বোঝা যায়।

(খ) জেলে আমাদের কমরেডদের কাছ থেকে বেশ গরম অভ্যর্থনা পাবার পর আ-ঞ্জি-পি (খ)তে আসছিল। সুপারিন্টেণ্ডেণ্ট ধূর্তের মত অদলীয় নেতা (১৪)কে ডেকে এই প্রতিশ্রুতি আদায় করে নেয় যে আমাদের ইয়ার্ডে আ-ঞ্জি-পির আসা নিয়ে কোন আপত্তি হবে না। উচিত ছিল এই প্রতিশ্রুতি নাকচ করে তৎক্ষণাৎ স্লোগান এবং অন্যান্য সমস্ত উপায়ে বিক্ষোভ সংগঠন করা। তা না করে (খ)র কেন্দ্রীয় কমিটির সদস্যরা গম্ভীরভাবে তর্ক শুরু করলেন যে এভাবে নাকচ করে দিলে (১৪)র সংগে আমাদের সম্পর্ক খারাপ হয়ে যাবে কিনা; এবং সিদ্ধান্ত করলেন যে, আই-ঞ্জি-পি আমাদের ইয়ার্ডে ঢোকার পরই শুধু স্লোগান দেওয়া হবে, সে যখন জেলে ঢুকবে এবং অন্যান্য ইয়ার্ডে ঘুরবে তখন নয়। (১৪)র সংগে সম্পর্ক নিয়েই তাদের যত মাথাব্যথা, কিন্তু আমাদের যে দুজন কমরেড পার্টির জন্য প্রাণ দিয়েছেন তাদের স্মৃতির কথা তারা ভুলে গেলেন। ফল হোল এই যে, আই-জি-পি আমাদের ইয়ার্ডে ঢুকল না। বেশ শান্তিতে অন্যান্য ইয়ার্ড দেখে সে চলে গেল। তার বিরুদ্ধে কোন বিক্ষোভ দেখান হোল না। সুপারিন্টেণ্ডেণ্ট (খ) কমরেডদের বোধ হয় বোকা বানিয়েছিল। (৬) এবং (৭)এর হত্যাকারী চলে গেল, কমিউনিস্ট বন্দীদের চীৎকার বা স্লোগানও তাকে শুনতে হোল না। এই হচ্ছে তাদের নেতৃত্ব, কার্যক্ষেত্রে তাদের যুক্তফ্রন্টের চেহারা। নিজেদের কমরেডদের স্মৃতির প্রতি সম্মান দেখাবার বদলেও তাদের নেই। এর চেয়ে লজ্জাকর দৃশ্য আর কি হতে পারে?

এ থেকে আবার প্রমাণ হয় যে, (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা সমস্ত প্রতিরোধ স্থগিত রাখার জন্যে যে কোন প্রকারে এড়িয়ে যাবার জন্যে একটার পর একটা অজুহাত আবিষ্কার করেন।

জেলে অন্যান্য দল বা উপদলের সংগে কোন বোঝাপড়া করা উচিত নয় একথা কেউ বলছে না। কিন্তু সে বোঝাপড়া যেন আমাদের কাজের পক্ষে বন্ধন হয়ে না দাঁড়ায়। পরিচালক হিসাবে আমাদের ভূমিকা এবং প্রধান শক্তি হিসাবে আমাদের ক্ষমতার সংগে তার ফলাফলের সঙ্গতি থাকা চাই। এবং দরকার হলে, অন্যদের অমতেও, নিজেরাই কিছু করার জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। আই-জি-পি'র বিরুদ্ধে বিক্ষোভের ব্যাপার নিয়ে (১৪) আমাদের ছেড়ে গেলেও কিছু এসে যেত না। যে সব লোক আমাদের কমরেডদের হত্যার বিরুদ্ধে প্রতিবাদ করতে চায় না—আমরা প্রতিবাদ করলে চটে যায়, তাদের সংগে মিলে বিপ্লবী কাজ চালাবার বিশেষ কোন সম্ভাবনা নেই। এমনও হতে পারে যে আমাদের আপোষহীন মনোভাব এবং কাজ দেখলে হয়ত তারাও যোগ দিত।

…চিঠির বিরুদ্ধে আক্রমণে (খ) কমরেডরা নিতান্ত অসার সব যুক্তি দেখিয়েছেন। (খ)'র অবস্থার কতকগুলি বিশেষত্ব বিচার না করার জন্য তারা চিঠিখানিকে আক্রমণ করেছেন। সহজেই বোঝা যায় যে, সমস্ত জেলের জন্য লিখিত নির্দেশ দেবার সময় সাধারণ সমস্যাগুলিই মনে রাখতে হয়। নির্দেশগুলিকে এইভাবে বোঝা প্রত্যেক বুদ্ধিমান এবং সাচ্চা পার্টি সভ্যের দায়িত্ব, এ জেলা বা ও জেলের বিশেষ অবস্থাকে বাইরের নির্দেশের বিরুদ্ধে আক্রমণের হাতিয়ার হিসাবে ব্যবহার করা যায়।

(খ)'র বিশেষ অবস্থা হোল এই যে সেখানে অধিকাংশ দ্বিতীয় শ্রেণীর বন্দী অদলীয়, পার্টির নিয়ন্ত্রণের বাইরে। তাছাড়া এসব লোক এখনও বন্দীশিবিরের বিপদ সম্পর্কে সচেতন নয়, সুতরাং তার বিরুদ্ধে লড়তেও চায় না। অনেকে (ক)তে যেতেই চায়।

সহজেই বোঝা যায় যে, এখানে প্রতিরোধ হবেই এমন কথা বলা যায় না। কিন্তু (খ)'র কমরেডরা সত্যিই প্রতিরোধ চাইলে বাইরের কমরেডদের তারা লিখতেন যে, তাদের নির্দেশ ঠিক কিন্তু দ্বিতীয় শ্রেণীরা অদলীয় লোক হওয়ায় এই নির্দেশ পালন করা কঠিন; যাই হোক তারা প্রচার এবং আন্দোলন চালাবেন এবং যথাসম্ভব নির্দেশ অনুযায়ী কাজ করবেন। কিন্তু (খ)র কেন্দ্রীয় কমিটির সদস্যরা তাদের চিঠিতে অদলীয় বন্দীদের মধ্যে প্রচার এবং আন্দোলনের কথা বলেননি। তারা বলেছেন যে, এইসব লোকদের পক্ষে আনা যাবে না, সুতরাং নির্দেশগুলিই অবাস্তব। এইভাবে বাইরের নির্দেশের বিরুদ্ধে তর্কে জেতবার জন্য একটা ছোট ব্যাপারকে বড় করে তোলা হয়েছে। …'র

চিঠিকে হীন করার জন্য (খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যরা কথার ছলনা এবং কৌশলের আশ্রয় নিয়েছেন।

(খ)'র কেন্দ্রীয় কমিটির সদস্যদের এবং (খ) কমিটির সুবিধাবাদী নীতিকে পি-বি সম্পূর্ণভাবে অস্বীকার করছে। পি-বি এইসব দলিলের বিস্তৃত আলোচনা করার কারণ, এগুলি অত্যন্ত ভয়ংকর দলিল এবং এইসব দলিল অনুযায়ী কাজ করলে পার্টি মেম্বর থাকা যায় না। এই ব্যাপারে সংশ্লিষ্ট (খ)'র সমস্ত কমরেডদের এই সুবিধাবাদী-নীতি অস্বীকার করতে, নিজেদের ভুলের আত্মসমালোচনামূলক বিচার করতে এবং পি-বি'র দলিলগুলি তারা সর্বান্তঃকরণে গ্রহণ করেন কিনা তা জানাতে পি-বি আহ্বান জানাচ্ছে। যেসব জেল কমরেডদের বিরুদ্ধে অভিযোগ এসেছে তাদের সম্পর্কে অনুসন্ধান করা এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করার জন্য পি-বি কেন্দ্রীয় কমিটির ছয়জন সদস্যকে নিয়োগ করছে। অন্য যে কোন কমরেড সংগ্রামের সময় কিরকম ব্যবহার করেছেন সে সম্পর্কে রিপোর্ট চাওয়ার এবং (ছ)গুলিকে পুনর্গঠন করার কোন ব্যবস্থা করা দরকার কিনা সে সম্পর্কে সুপারিশ করার ক্ষমতাও পি-বি এই ছ'জনকে দিচ্ছে।

(খ) এবং অন্যান্য জায়গার পার্টি মেম্বরদের পি-বি আহ্বান জানাচ্ছে—আতংকগ্রস্ত হবেন না; আতংক-প্রচারকদের কথায় ভুলবেন না। জেলের ভেতরে এবং বাইরে যে পার্টির সভ্যরা সমাজতন্ত্রের জন্য লড়াইয়ের ইতিহাসের পাতায় প্রতিদিন নতুন নতুন গৌরবময় কাহিনী রচনা করছেন, আমাদের সেই পার্টির সর্বহারার পতাকাকে উঁচুতে তুলে ধরুন।

৩০-১-৪৯

২। অ-অনশন ধর্ম্মঘট সম্পর্কে পি-বি'র নোট

২৫-৯-৪৯

১৯৪৯-এর মে মাসে অনশন ধর্ম্মঘটের সময় [অ]'র বিভিন্ন জেলে শত শত কমরেড প্রশংসনীয় বীরত্ব দেখিয়েছেন। পার্টি চিরদিন তাদের জন্য গৌরব অনুভব করবে। আর বিশেষ করে গৌরব অনুভব করবে তাদের জন্য যাঁরা তিন সপ্তাহ অনশনের পরও ধর্ম্মঘট উঠিয়ে নেবার বিরোধিতা করেছিলেন।

কিন্তু তা সত্ত্বেও, [অ]'র বিভিন্ন জেলের পার্টি নেতৃত্ব এই ধর্ম্মঘটকে কাপুরুষের মত এবং সংস্কারবাদী দৃষ্টিতে বুঝেছেন এবং চালিয়েছেন। জীবনহানি কিংবা অঙ্গহানির সামান্যতম আশংকায়ই তারা আর্যাত শত্রুর কাছে আত্মসমর্পণ করেছেন। জেল কমরেডদের প্রতি উপদেশে এবং অনশন ধর্ম্মঘটের সমর্থনে আন্দোলন গড়ে তোলার চেষ্টায় [গ] এবং [অ]'র পার্টি নেতৃত্ব স্থূল সংস্কারবাদ এবং আতংকিত মনোভাব দেখিয়েছেন। [অ]'র জনগণ এবং পার্টি কমরেডদের সম্পর্কে শ্রমিক ও কৃষকদের সম্পর্কে বিশ্বাস হারিয়ে তারা জেলের নেতৃত্বের কাপুরুষোচিত পরামর্শের শীকার হয়েছেন। [অ] অনশন ধর্ম্মঘটের প্রতি বিশ্বাসঘাতকতার ফলে রাজনৈতিক বন্দীদের প্রতি স্থানীয় সরকারের ব্যবহারই শুধু আরও কঠোর হয় নি। [অ]'র উদাহরণ দিয়ে কেন্দ্রীয় সরকার অন্যান্য প্রাদেশিক সরকারকে, যেমন পশ্চিম বাংলা সরকারকে, বন্দীদের কাছে দেওয়া প্রতিশ্রুতি ভঙ্গ করার এবং তাদের বিরুদ্ধে ক্রমেই আরও বর্বর ব্যবস্থা প্রয়োগ করার উৎসাহ দিচ্ছে।

অন্যান্য প্রদেশের তুলনায়ও [অ]তে রাজনৈতিক বন্দীদের সঙ্গে (বিনাবিচারে আটক এবং সাজাপ্রাপ্ত) সবচেয়ে খারাপ ব্যবহার করা হোত। তাদের সংখ্যা কয়েকশত হয়ে দাঁড়িয়েছিল এবং রোজই আরও যোগ হচ্ছিল। বন্দী শ্রমিক-কৃষক যোদ্ধাদের ওপর প্রতিশোধ নেবার জন্য কংগ্রেসী রাজ সাধারণত যেসব পীড়ন এবং অত্যাচার চালায়। সেগুলি ছাড়াও সরকার শ্রেণী-বিভাগের ব্যবস্থা করে বন্দীদের মধ্যে বিভেদ সৃষ্টির চেষ্টা করছিল। অধিকাংশ শ্রমিক এবং কৃষক বন্দীদের দ্বিতীয় শ্রেণী (রাজবন্দী) অথবা তৃতীয় শ্রেণীতে (সাজাপ্রাপ্ত) রাখা হচ্ছিল, কিন্তু মধ্যবিত্ত এবং উচ্চ শ্রেণীর বন্দীদের ওপরের শ্রেণীতে থাকবার সুযোগ দেওয়া হচ্ছিল। তাছাড়া, তারা কারওয়ালা শ্রমিক-কৃষক এবং মধ্যবিত্ত যোদ্ধাদের বিনাবিচারে আটক করে, তারপর তাদের পারিবারিক ভাতা দিতে অস্বীকার করছিল। সরকারের উদ্দেশ্য ছিল এইভাবে, পরিবারগুলিকে ধ্বংস করে বন্দীদের মনোবল ভেঙ্গে দেওয়া।

স্পষ্টই বোঝা যায় যে এরকম অবস্থায় যে কোন জেল সংগ্রামের দাবী হওয়া উচিত—শ্রেণী-বিভাগ রদ, সমস্ত রাজবন্দীর জন্য সমান ব্যবহার, রাজবন্দীদের পরিবারের জন্য ভাতা, সমস্ত রাজবন্দীর মুক্তি এবং বিচারাধীন আর সাজাপ্রাপ্ত বন্দীদের জন্য উন্নত ব্যবস্থা। এবং [অ]'র অবস্থায় সরকারকে নোয়াতে হলে বন্দীদের যে কঠিন এবং দৃঢ় সংগ্রাম করতে হবে সে কথাও যে কোন লোকের কাছে স্পষ্ট ছিল।

দাবী সম্পর্কে দুর্ব্বলতা

কিন্তু অনশন ধর্ম্মঘট সংগ্রামকে বোঝাই হয়েছিল সংকীর্ণ সংস্কারবাদী কায়দায়, সম্ভব হোলে কয়েকটা ছোটখাট দাবী আদায়ের জন্য। সেই কারণেই দাবীগুলির এই গুরুত্ব ভুলে যাওয়া হয়েছিল।

প্রথমত, অনশন ধর্ম্মঘট সুরু হবার আগেই অনেকে রাজবন্দীদের মূল দাবীগুলি—শ্রেণী-বিভাগ লোপ এবং সমস্ত রাজবন্দীদের প্রথম শ্রেণীতে রাখার দাবীগুলি পর্য্যন্ত বাদ দেবার চেষ্টা করেন।

জেলের কমরেডরা সরকারের কাছে তাদের প্রথম স্মারকলিপিতে সঠিকভাবেই দাবী করেছিলেন যে—রাজবন্দীদের বিচার করতে হবে, নয়ত ছেড়ে দিতে হবে, শ্রেণী-বিভাগ রদ করতে হবে, সমস্ত রাজবন্দীদের প্রথম শ্রেণীতে রাখতে হবে, পারিবারিক ভাতা দিতে হবে ইত্যাদি। (ক) জেলে আমাদের বন্দীদের একটি সবচেয়ে বড় কেন্দ্র এবং সেই হিসাবে বন্দী সংগ্রামের নেতা। অথচ তারাই পরে এক স্মারকলিপিতে সরকারকে তার নিজের শ্রেণী-বিভাগের মানদণ্ড অনুযায়ী কাজ করতে অনুরোধ করেছেন! তারা অনুরোধ করেছেন, "আমরা অনেকেই শ্রমিক ছিলাম। বেশ ভাল মজুরী পেতাম এবং এ অবস্থায় যতটা সম্ভব স্বচ্ছল জীবন যাপন করতাম। আমরা কেউ কেউ মধ্যবিত্ত শ্রেণীর লোক। সরকার যদিও মুখে বলে যে আমাদের শিক্ষা এবং বাইরের জীবনযাত্রার ধরণ অনুযায়ীই আমাদের সংগে ব্যবহার করা হয়, কিন্তু আমাদের ক্ষেত্রে সরকার তার নিজের রীতিই ভঙ্গ করেছে।"

এই মিনতির পর তারা চান, খাবার জিনিষের উন্নতি, পৃথক রান্নাঘর, অন্তত কিছু কাপড়-চোপড়, খাওয়া এবং স্নানের ব্যবস্থার কিছু উন্নতি, পায়খানার টুকরির জন্য ঢাকা, পারিবারিক ভাতা ইত্যাদি সম্পর্কে দশটি দাবী পেশ করেছেন। তারা মুক্তি বা শ্রেণী-বিভাগ রদ করার দাবী তোলেননি। শুধু তাই নয় না-তোলাকে সমর্থন করার জন্য খোসামুদে এবং নির্লজ্জের মত বলেছেন যে:

"সরকার রাজবন্দীদের সংগে ব্যবহারে শ্রেণী-বিভেদ

রাখতে জোর করছে আর আমরা শ্রেণী-বিভেদ থাকা উচিত না বলে জোর করছি—এই কথা ধরে নিয়েই (ওপরের) দাবীগুলি উপস্থিত করা হয়েছে।"

এইভাবে মুক্তির দাবী, শ্রমিক-কৃষক বন্দীদের জন্য সমান এবং উন্নত ব্যবস্থার দাবী নির্লজ্জের মত ছেড়ে দেওয়া হোল, আর শ্রমিক-কৃষক বন্দীদের চিরদিন আটক রাখা এবং তাদের প্রতি অমানুষের মত ব্যবহার করার নীতির চৌহদ্দির মধ্যে কিছু তুচ্ছ সুবিধা নেবার জন্য সরকারের কাছে আবেদন করা হোল।

(অ)তে উপস্থিত (ধ) নেতারা সমস্ত বন্দীদের কাছে লেখা একখানি চিঠিতে জোর দিয়ে বলেছিলেন যে, আসল লড়াই হবে "প্রদেশের সমস্ত জায়গার সমস্ত রাজবন্দীদের মূল দাবী নিয়ে, এই সব দাবী হোল—শ্রেণীবিভাগ লোপ, পারিবারিক ভাতা ইত্যাদি।" তারা মনে করিয়ে দিয়েছিলেন যে, "মূল দাবীগুলি মনে রাখা এবং এটা যে শ্রমিক শ্রেণীর যোদ্ধাদের জন্য লড়াই সে কথা ভুলে না যাওয়াই হচ্ছে আসল কথা।"

কিন্তু অন্যান্য জেলে ধর্মঘটের তিন দিন পরে, নিজেদের ধর্মঘট শুরু করার ঠিক আগে (ক) জেলের প্রথম শ্রেণীর বন্দীরা, কেন্দ্রীয় কমিটির একজন সদস্য—কমরেড (৮)এর নেতৃত্বে সরকারকে এক নোটিশ পাঠান। সেখানে তারা সরকারকে শ্রেণী-বিভাগ তুলে দেবার জন্য 'অনুরোধ' করলেও, তার সঙ্গে আবার নিচের 'কিন্তুটি' জুড়ে দিয়েছেন:

"এই ধরণের ব্যবস্থা না হওয়া পর্যন্ত আমরা দ্বিতীয় শ্রেণীর বন্দীদের সমর্থন জানাচ্ছি এবং দাবী করছি যে আমাদের তাদের সংগে অবাধে মেলামেশা করতে দেওয়া হোক।"

কথাটা দাঁড়াল এই যে, বন্দীদের মুক্তি, শ্রেণী-বিভাগ রদ, দ্বিতীয় শ্রেণীর বন্দীদের জন্য প্রথম শ্রেণীর ব্যবস্থা—এসব দাবীর জন্য লড়াই প্রথম শ্রেণীর বন্দীদের লড়াই নয়, তারা কেবল দ্বিতীয় শ্রেণীর বন্দীদের প্রতি সমর্থন জানাবার জন্যে এবং তাদের সংগে অবাধে মেলামেশা করার জন্যে লড়বেন!

সমস্ত রাজবন্দীর সাধারণ দাবী এবং সমান ব্যবস্থার জন্য লড়াই ছেড়ে পালানটা, (১৫)র কাছে লেখা (৮)এর চিঠিতে আরও স্পষ্ট হয়ে উঠেছে। আশ্চর্যের কথা, অনশন ধর্মঘটের লিখিত নোটিশে কমরেড (৮) সই করেননি, অন্য কমরেডরা তাকে পৃথকভাবে (১৫)কে লিখতে অনুমতি দেন। সে যাই হোক, এই চিঠিখানিতে (চিঠিটা আবার অন্য পার্টি নেতারা বোকার মত বিনা আপত্তিতে প্রচার করেছেন) (১৬)'র কাছে (৮) আবেদন করেছেন:

"আমরা (ঞ) ক্যাম্পে যা পেতাম তার সঙ্গে আপনি (১৬) আজ প্রথম এবং দ্বিতীয় শ্রেণীকে যা দিচ্ছেন তার তুলনা করলে দেখতে পাবেন যে, আগে আপনি বা আমি যেভাবে ছিলাম তার চেয়ে আপনার শাসনে রাজবন্দীরা অনেক খারাপ অবস্থায় আছে।

"আগেকার অনেক রেগুলেশনের বন্দী বা ১৯৪১-৪৫এর প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বন্দীদের চেয়ে অনেক খারাপ ব্যবহার আমাদের সঙ্গে করা হচ্ছে।

"কোন কোন মূল ব্যাপারে আমাদের অবস্থা আরও খারাপ? (ঞ)র মীমাংসা অনুযায়ী প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর বন্দীরা সকলেই একটা নির্দিষ্ট হিসাবে বছরে দুবার সাধারণ কাপড়-চোপড় পেত এবং তার মধ্যে জুতো এবং শীতের পোষাকও ধরা হোত। যাদের দরকার তাদের জন্য পারিবারিক ভাতার দাবীও স্বীকার করা হয়েছিল, এবং কেউ কেউ ভাতা পেত। প্রত্যেক শ্রেণী তাদের নিজেদের পছন্দমত রান্নার ব্যবস্থা করত, এবং সেজন্য ভাল রান্না সম্ভব হোত। খাদ্যের পরিমাণ এবং গুণেরও পরিবর্তন করা হয়েছিল।

"আমি একথা বলতে চাই যে, রেশন ব্যবস্থার বাধা-নিষেধের কথা বিচার করলে আপনার সরকার প্রথম শ্রেণীর খাদ্যের মান আগেকার চেয়ে নিচু করেনি। কিন্তু অন্য সমস্ত ব্যাপারে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর জন্য আপনাদের ব্যবস্থা বেশ নিচে নেমে গেছে।

"আপনাদের নিজের অনুযায়ীও যা ন্যায্য এবং (ঞ)র ধর্মঘটের সময় আপনাদের গুরুও যা সমর্থন করেছিলেন, বিরোধীদের তাও দিতে আপনারা অস্বীকার করছেন।"

এই ধরনের আরও অনেক কিছু লেখার পর তিনি এই বলে শেষ করেছেন:

"অনেক রেগুলেশনের বন্দীদের চেয়েও এবং (ঞ) ক্যাম্পে ধর্মঘটের পর আপনাদের ক্ষেত্রেও যা স্বীকৃত এবং পালিত হয়েছিল, তার চেয়েও আপনাদের ব্যবস্থা খারাপ। এই হচ্ছে প্রধান কথা। এর প্রতিই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

"খাদ্য, পোষাক এবং ভাতা সম্পর্কে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর রাজবন্দীদের সমস্ত দাবীর তালিকা দেওয়ার এখানে কোন দরকার নেই। আগেকার চুক্তিগুলিও ভঙ্গ করা হচ্ছে, আগেকার চেয়েও ব্যবস্থা খারাপ করা হচ্ছে এবং সেই জন্যই কেবলমাত্র আগেকার ভাগিদেই আমাদের সেই পুরান অনশন ধর্মঘট শুরু করতে হচ্ছে। এই ব্যাপারের দিকেই আপনার দৃষ্টি আকর্ষণ করাই আমার উদ্দেশ্য।"

শ্রেণী-বিভাগের সরকারী ব্যবস্থা রদ করার দাবীর উল্লেখও (৮)র চিঠিতে নেই, যে কংগ্রেস সরকার জেলের মধ্যে কমিউনিস্ট বন্দীদের খুন করেছে, যে সরকার এই চিঠি লেখার সময়েও, প্রদেশের অন্যান্য সমস্ত জেলের রাজবন্দীদের দুদিন ধরে অনশন ধর্মঘটকে হৃদয়হীনের মত উপেক্ষা করছিল, তার বিরুদ্ধে কোন অভিযোগ (৮)র চিঠিতে নেই। তার জায়গায় আছে পুরান (ঞ)র ব্যবস্থা মেনে চলার জন্যে করুণ আবেদন—অথচ (ঞ)র সেই ব্যবস্থায়ও শ্রেণী বিভাগ থাকবে বলে ধরেই নেওয়া হয়েছিল।

দাবীর প্রতি এই মনোভাব, একান্ত জরুরী দাবীগুলিকেও কমিয়ে এনে তুচ্ছ কয়েকটা সুবিধার ভিত্তিতে তাড়াতাড়ি আপোষ করার এবং এইভাবে কোন সত্যিকারের লড়াই এড়িয়ে যাবার কাপুরুষোচিত চেষ্টা—এইসব কারণে স্বভাবতই ধর্মঘটের প্রথম থেকেই দ্বিধা দেখা দেয় এবং সংগ্রামের মধ্যে সেই দ্বিধা দ্রুত আত্মসমর্পণের মনোভাবে পরিণত হয়। এই সংগ্রামকে বিশেষ গুরুত্ব

দেওয়া হয় নি বলেই কোন জেলে (জ) গুলিকে পুনর্গঠন করার কথা অথবা বন্দীদের মধ্যে নীতিগত ঐক্যের ভিত্তিতে কমরেডদের নিয়ে ধর্মঘট কমিটি গড়ার কথা ভাবা হয় নি।

(খ) জেলে বহু পুরুষ কমরেড লড়াই ছেড়ে পালান। (৫) ধর্মঘটের ৫ম দিনেই চা খেয়েছিলেন, এবং সরকারী চরের মত ২রা স্থানান্তরের ব্যবস্থাকে জেল কমরেডদের দিয়ে মানিয়ে নেবেন বলে জেলারকে কথা দিয়েছিলেন। এই (৫)ই আবার তার পালাবার সমর্থনে একটা তত্ত্ব পর্যন্ত খাড়া করেছিলেন। কিন্তু সেখানকার পার্টি-সেল তাকে তীব্রভাবে নিন্দা করেনি, কিংবা তার স্বরূপও প্রকাশ করে দেয়নি। বরংচ সেল তাকে ডাক্তারি কারণে ৯ম দিনে ধর্মঘট ভাঙতে অনুমতি দেয়।

(ঝ)তে প্রথম শ্রেণীর কমরেডরা ২রার কয়েকদিন আগে উচ্চমন রেল ধর্মঘটের বন্দীদের সংগে অনশন ধর্মঘট করতে অস্বীকার করে তাদের সমর্থন হারিয়েছিলেন। ফলে ২রা থেকে অনশন ধর্মঘটে তারা রেল শ্রমিকদের টানতে পারেননি। কিন্তু নিজেদের দুর্বলতা এবং ভুল ঢাকবার জন্য তারা রেল শ্রমিকদের ঘাড়ে দোষ চাপিয়ে দিয়ে বলেন যে ওরা "হতাশ" হয়ে পড়েছে। ইউনিটের এই দুর্বলতার ফলে শুধু যে দু'জন কমরেড অনশন ধর্মঘটে যোগ দেয়নি তাই নয়, তারা ক্ষমা চায় এবং পার্টি ছেড়ে যায়।

(ঘ)তে সাতজন কমরেড অনশন ধর্মঘট করেন। কিন্তু মাত্র আটদিন পরেই তারা ধর্মঘট তুলে নেন। এবং এই আটদিনও তারা জেলের ডাক্তারের কাছ থেকে 'ঔষুধ' গ্রহণ করেন—সে 'ঔষুধ' হচ্ছে দিনে আধসের গ্লুকোজ। সরকার তৎক্ষণাৎ সুযোগ নিয়ে এই ঘটনা প্রচার করে দেয় এবং অনশন ধর্মঘটের বদনাম করে।

কমরেড (৮)'র দ্বারা পরিচালিত [ক] জেলের কমরেডদের ব্যবহারই হয় সবচেয়ে কাপুরুষের মত। তাদের ব্যবহারকে অন্যান্য জেলের লড়াইকে পেছন থেকে ছুরি মারাও বলা যায়। দাবী সম্পর্কে তাদের মনোভাবের কথা আগেই বলা হয়েছে। প্রথম শ্রেণীর বন্দীরা দ্বিতীয় শ্রেণীর থেকে পৃথকভাবে অনশন ধর্মঘটের নোটিশ দেন এবং সেই নোটিশে দ্বিতীয় শ্রেণীর বন্দীদের দাবীর প্রতি 'সমর্থন' জানান। এই পৃথক নোটিশ দেওয়া এবং সমর্থন প্রকাশ করা থেকেই যথেষ্ট স্পষ্ট বোঝা যায় যে প্রথম শ্রেণীর বন্দীরা শ্রেণী-বিভাগ মেনে নিয়েছেন।

[ক] সমেত সমস্ত জেলকে ২রা থেকে একসাথে অনশন ধর্মঘট শুরু করার কথা জানান হয়েছিল। [ক] ছাড়া আর সবাই তা শুরু করে।

(ক)'র বিশ্বাসভঙ্গ

কিন্তু কমরেড (৮)'র পরামর্শে (ক)'র নেতারা তাদের কমরেডদের আশ্বাসভঙ্গ করেন। তারা ২রা ধর্মঘট শুরু করেননি। অন্যান্য জায়গায় ধর্মঘট তিনদিন চলার পর তারা সরকারকে উপরোক্ত নোটিশ পাঠান এবং পরের সপ্তাহ থেকে অনশন ধর্মঘট শুরু করার প্রস্তাব করেন। তারা কষ্ট করে সরকারকে একথাও জানিয়ে দেন যে, অসুস্থরা অনশন ধর্মঘটে যোগ দেবে না, অর্থাৎ এমনই কোন ক্রত চরম অবস্থা বা গণ্ডগোল সৃষ্টি হবে, সরকারের এমন আশংকা করার কোন দরকার নেই। অন্যদের পুরো এক-সপ্তাহ পরে তারা অনশন ধর্মঘট শুরু করেন।

অথচ সময়ে শুরু করে দেবার পরও সাতদিন পর্য্যন্ত অনশন ধর্মঘট না করাটা নিতান্ত কাপুরুষতা, মরণের ভয়, নিজের প্রাণ বাঁচাবার চেষ্টা এবং সাধারণ সংগ্রামের প্রতি চরম বিশ্বাসঘাতকতা।

সামান্য অসুস্থ কমরেডদেরও তারা লড়াই ছেড়ে দেবার অনুমতি দেন। (৮) কোন গুরুতর অসুখে ভুগছেন বলে জানা না থাকলেও, কমরেডদের জেনারেল বডি মিটিংএ তাকে অনশন ধর্মঘট থেকে বাদ দেবার সিদ্ধান্ত করা হয়। অবশ্য কমরেড (৮) 'রাজনৈতিক কারণে' তাকে বাদ দেওয়া থেকে অন্যদের বিরত করেন, কিন্তু "তার স্বাস্থ্য বেশী রকমের খারাপ হয়ে পড়লে ডাক্তারি বাধানিষেধ মেনে চলতে" রাজি হন। এর অর্থ; লড়াইয়ের নেতাকেই যুদ্ধে আহত হবার প্রথম সম্ভাবনায়ই পালিয়ে যেতে দেওয়া হবে।

আপোষের জন্য (৮)'র আবেদন

এই মনোভাব থাকার ফলে প্রথম থেকেই তারা আত্ম-সমর্পণ করতে শুরু করেন। সাতদিনের মধ্যেই ১৫ জন ভেঙে পড়লেন এবং (৮) তাদের কয়েকজনকে অনশন ধর্মঘট ভাঙতে অনুমতি দিলেন। ১৪ই থেকে কমিটি বাইরে এই মর্মে আতংকপূর্ণ চিঠি পাঠাতে লাগলেন যে, সমস্ত কমরেডই "খুব দুর্বল অনুভব করছে।"

সেইদিনই নিষ্ক্রিয় কমিটির মত নিয়ে [৮] আর একটা চিঠি লিখলেন [১৫]কে। [১৫] তার আগেকার চিঠির উত্তর দেয়নি। এই চিঠিতে তার গাফিলতিকে [৮] ক্ষমা করলেন এই বলে যে, "অন্যান্য গুরুদায়িত্বের" জন্যই বোধহয় [১৫] আগেকার চিঠির উত্তর দিতে পারেনি। তিনি আরও স্বীকার করলেন যে, "সরকারের (তখন) যা মনোভাব তাতে তার কাছ থেকে (অনশন ধর্মঘট) সমস্যা সম্পর্কে নিরপেক্ষ বিচার আশা করা যায় না।" এবং অবশেষে তিনি এই কাপুরুষোচিত আপোষের আবেদন করলেন:

"দ্বিতীয় শ্রেণীর বন্দীরা যে সর্বনিম্ন ভদ্র ব্যবহার এবং প্রয়োজনীয় জিনিষগুলি দাবী করছেন সেগুলি সঙ্গত কিনা এবং এমনকি সবচেয়ে বড় পাপীদের ক্ষেত্রেও যে সুবিচারের ধারণা এবং মানবোচিত মাপকাঠি অনুযায়ী ব্যবহার করা দরকার তার সঙ্গে বিশেষ করে দ্বিতীয় শ্রেণীর বর্তমান অবস্থা খাপ খায় কিনা—সে সম্পর্কে কোন নিরপেক্ষ ট্রাইবুনালকে বিচার করতে দিতে আমি সম্পূর্ণ রাজি আছি।

"পুনশ্চ:—আমি বিশেষ করে দ্বিতীয় শ্রেণীর বন্দীদের কথা উল্লেখ করছি এই জন্য যে বর্তমান অনশন ধর্মঘটের প্রধান প্রশ্নই হচ্ছে দ্বিতীয় শ্রেণীর প্রতি ব্যবহার।"

অন্য জেলের কমরেডদের সঙ্গে পরামর্শ না করেই (৮) এই চিঠি লেখেন। এবং সেই চিঠিতে তিনি যে শুধু শ্রেণী-বিভাগ মেনে নিয়েছেন এবং বুর্জোয়া নিরপেক্ষ ট্রাইবুনালে সরল বিশ্বাস প্রকাশ করেছেন তাই নয়;

...দের বিচার মেনে নিতে রাজি আছি—সরকারকে এ কথা বলে তিনি সংগ্রামের সর্বনাশ করেছেন। যে নেতা ধর্মঘটের সাত দিন না যেতেই, অধিকাংশ ধর্মঘটির অজ্ঞাতে, ট্রাইবুনাল মেনে নিতে সম্মতি জানায় তাকে কি বলা যায়?

(অ)তে ১৬ তারিখে প্রাপ্ত চিঠিতে তারা (খ) নেতাদের বিদ্রূপ করে প্রশ্ন করেছেন, "এ অনশন ধর্মঘট 'আমরণ' নয়ত? নাকি সত্যিই আমরণ?"

তারা (১১)'র মত মধ্যস্থদের ওপর বিশ্বাস স্থাপন করেছিলেন। আর এখন হতাশ হয়ে বলছেন, "(১১)'র মত মধ্যস্থরা এই সরকারের ওপর বিশেষ কোন প্রভাব বিস্তার করতে পারে না। এই ব্যাপারে (অ)তে আমাদের ক্ষমতা বাংলার তুলনায় অনেক কম।" বাংলার বন্দীদের যে বীরত্বপূর্ণ সংগ্রাম এবং তার সমর্থনে জাগ্রত যে গণসমর্থন দাবী মানতে সরকারকে বাধ্য করল, তার মধ্যে (ক)'র কমরেডরা শুধু (১১)'র মত মধ্যস্থদের প্রভাবই দেখলেন। যে বন্দীরা দাবী স্বীকৃত হবার আগে নড়তে অস্বীকার করলেন, তাদের কঠোর প্রতিজ্ঞা (ক) কমরেডদের নজরে পড়ল না; জনগণের যে বিক্ষোভ এবং জেলের ভেতরে ও বাইরে অগুন্তি পুরুষ এবং মেয়ে কমরেডের আত্মদান সরকারকে কাঁপিয়ে দিল, সেটা তারা দেখলেন না। তারা শুধু দেখলেন মধ্যস্থের প্রভাব। নিজেদের কঠিন প্রতিজ্ঞা বা নিজেদের শ্রেণী কিংবা জনগণের ওপর তারা বিশ্বাস রাখেননি। তাই ধর্মঘটের ১২ দিনের মধ্যেই তারা নিরাশ হয়ে পড়লেন এবং কাপুরুষের মত আত্মসমর্পণ করার পরামর্শ দিলেন। এবং সেই কাজকে সমর্থন করার জন্য বিবৃতি দিলেন:

"এই সংগ্রাম শুরু করার আগেও নিশ্চয়ই আমরা একথা বিশ্বাস করিনি যে, এই সরকার আমাদের সঙ্গে কোন আপোষ করবে।"

(খ)তে অপেক্ষাকৃত বেশী দৃঢ়তা এবং শৃংখলার সঙ্গে অনশন ধর্মঘট শুরু হয়, যদিও সমস্ত মেয়ে কমরেডদের বাদ দেবার প্রস্তাব করা তাদের অন্যায় হয়েছিল। মেয়ে কমরেডরা সঠিকভাবেই এই প্রস্তাবের বিরোধীতা করেন।

কিন্তু এখানেও অনশন ধর্মঘটকে এভাবে দেখা হয়নি যে, এটা কঠিন জীবন-মরণের লড়াই এবং রাজবন্দীদেরই প্রধানত লড়তে হবে, এবং এমনভাবে লড়তে হবে যাতে বাইরের জনগণের মধ্যে সরকারের বিরুদ্ধে তীব্রতম বিক্ষোভ জাগে এবং কমিউনিস্টদের মৃত্যুভয়হীন সাহস আর আপোষহীন দৃঢ়তা শ্রেষ্ঠ প্রশংসা অর্জন করে। পি-বি'র একজন সদস্য, একজন কেন্দ্রীয় কমিটির সদস্য এবং (অ)'র নির্ভীক শ্রমিক শ্রেণীর সুপরিচিত নেতাদের অধিকাংশ (খ)তে ছিলেন। আশা করা গিয়েছিল যে তারা নিজেদের শ্রেণীর লড়াইয়ের ঐতিহ্যকে আরও উজ্জল করে তুলবেন।

কিন্তু তারা ১২ দিন লড়াইয়ের পরই ভয় পেয়ে গেলেন। জোর করে খাওয়ান সাময়িকভাবে বন্ধ হয়েছে দেখে এবং একেবারে শেষ অবস্থার আগে জোর করে খাইয়ে না দেবার হুকুম জারি হয়েছে শুনে তারা মৃত্যু অথবা চিরদিনের জন্য পঙ্গু হবার আশংকায় আতংকিত হয়ে পড়লেন। তাদের ধারণা হোল যে এটা সরকারের একটা শয়তানী চক্রান্ত। এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে তারা লিখলেন:

"জেল কর্তৃপক্ষ যদি না খাওয়াবার এই শয়তানী নীতি চালু রাখে তাহলে আমাদের পিছু হঠতে হবে। এই অবস্থায় ২১শের পর সংগ্রাম চালিয়ে যাবার অর্থ হবে এই যে, আমাদের কমরেডদের চিরদিনের জন্য পঙ্গু করে দেবার ঝুঁকি নিতে হবে, তাছাড়া ধর্মঘট সংগ্রাম ভেঙ্গে পড়ার ঝুঁকিও দেখা দিবে……

"…পিছু হঠতেই যদি হয়, তবে বেশ আগে থেকেই তার জন্য ব্যবস্থা করতে হবে…

"যারবেদা থেকে এই প্রস্তাব দিয়েছে: বর্তমান অবস্থা যদি চলতে থাকে এবং পিছু হঠা দরকার হয়ে পড়ে তাহলে আমাদের (গ)র (১১) এবং (১২)র মত লোকদের কাছে যেতে হবে এবং বাইরের জনসাধারণ ব্যাপারটা গ্রহণ করেছে, তারাই আন্দোলন চালিয়ে যাবে এই যুক্তি দিয়ে তাদের এবং রাজবন্দী সাহায্য কমিটির তরফ থেকে অনশন ধর্মঘটকারীদের কাছে ধর্মঘট বন্ধ করার জন্য একটি আবেদন পাঠাবার ব্যবস্থা করতে হবে…"

"এখন আমাদের মনে হয় যে, রাজবন্দী-সাহায্য-কমিটি এবং সম্ভব হোলে নাগরিক-স্বাধীনতা-কমিটির তরফ থেকে রাজবন্দীদের অনশন ত্যাগ করতে অনুরোধ করে তারগুলি ২১শে তারিখেই সমস্ত জেলে পৌঁছন দরকার। খসে-পড়া, হতাশা এবং কমরেডদের স্বাস্থ্যের গুরুতর ক্ষতি এড়াবার জন্যে এটা অবশ্য কর্তব্য এবং নিতান্তই অপরিহার্য্য।"

১৬ তারিখ তারা সরকারের প্রতিশোধমূলক মনোভাবের খবর আবার জানালেন। কিছু কিছু ধর্মঘটির অনশন ত্যাগের খবর দিলেন এবং লিখলেন, "২১শের পর আর একদিনও চালান সম্ভব নয়" এবং "অনশন ভঙ্গ করার জন্য আবেদন ২১শে তারিখের মধ্যে পৌঁছন চাই, তারপরে কিছুতেই নয়। সম্ভব হোলে একদিন আগেও আসতে পারে কিন্তু কোনক্রমেই ২১শের পরে একদিনও নয়।"

এ কথা খুবই স্পষ্ট যে লড়াইকে আরও তীব্র করার প্রশ্ন, আরও আত্মত্যাগ করে এবং দৃঢ়তা নিয়ে সরকারের শয়তানী চক্রান্তের বিরুদ্ধে লড়াই চালাবার কথা ঘুণাক্ষরেও তাদের মনে ছিল না। অনশন ধর্মঘটের নেতারা নিজেরাই ভয় পেয়েছিলেন এবং ১৪ই-এর পর থেকে, পিছু হঠার ব্যবস্থা ছাড়া আর কিছুই করেননি!

কমিউনিস্টদের পথ

২০ দিন অনশন ধর্মঘট করে থাকা সত্যিই এক ভীষণ যন্ত্রনা। কিন্তু ব্যাথার ভয়ে কমিউনিস্টরা কবে লড়াই করতে ভয় পেয়েছে? একথা ঠিক যে বাইরের নেতাদের সংস্কারবাদী দৃষ্টিভঙ্গীর জন্য বাইরের আন্দোলন সাময়িকভাবে একটা ধাক্কা খেয়েছিল। কিন্তু কমিউনিস্ট যোদ্ধাদের কি তাতে হতাশ হওয়া উচিত? বন্দীদের লড়াই কি প্রধানত বাইরের ওপর নির্ভরশীল হওয়া উচিত? অবস্থা চরমে না পৌঁছন পর্য্যন্ত লড়াই চালিয়ে যাওয়াই কি তাদের কর্তব্য নয়? কেউ কেউ লড়াই ছেড়ে পালাচ্ছিল একথাও ঠিক। কিন্তু সামান্য কয়েকজন বিশ্বাসঘাতক বা দ্বিধা-

অন্তের আনুকূল্যতায় মূল কমিউনিস্ট যোদ্ধার হার স্বীকার বা মনোবল হারান কি করে?

জোর করে খাওয়ান বন্ধ করার, চিরদিনের মত অঙ্গহানি এবং এমনকি কয়েকজনের জীবন হারাবার বিপদ নিশ্চয়ই ছিল। কিন্তু অনশন ধর্মঘট সংগ্রামে সে সম্ভাবনা সব সময়ই থাকে। সেই সব সম্ভাবনা অগ্রাহ্য করেই লড়াই চরমে ওঠে এবং বাইরের ব্যাপকতম আন্দোলন জাগিয়ে তোলে। বাংলার বিভিন্ন জেলে শ্রমিক, মহিলা এবং অন্যান্য কমরেডরা তাদের শেষ শক্তিটুকু দিয়েও জোর করে খাওয়ানের প্রতিরোধ করেছিলেন এবং সেই অবসন্ন অবস্থায় প্রহার পর্যন্ত সহ্য করেছিলেন। আর, জোর করে খাওয়ান বন্ধ করে দেবে এই সম্ভাবনাতেই কি আমাদের (খ) কমরেডদের ভয় পাওয়া উচিত হয়েছে? (অ)র বাড়দার কমরেড যখন তার নেতাদের সমর্থনে ফাঁসিমুখে মৃত্যু বরণ করে নিয়েছিলেন, তখন যদি তিনি শুনতেন যে তার নেতারা নিজেদের মধ্যে কয়েকজনের মৃত্যু বা অঙ্গহানির আশংকায় ভয় পেয়ে গেছেন, তাহলে তিনি কি ভাবতেন?

জেল নেতৃত্বের কাপুরুষোচিত আপোষকামী মনোভাব এবং ৮ই-এর পর আবার আন্দোলন সুরু করার ব্যাপারে (গ)'র ব্যর্থতার ফলে সরকার কয়েকজনকে মরণের মুখে ঠেলে দেবার শয়তানী চক্রান্ত কাঁদবার সাহস পায়। মৃত্যু অগ্রাহ্য করে তার এই চ্যালেঞ্জ গ্রহণ করাই ছিল এই চক্রান্তের মোকাবিলা করার পথ। দু'একজনের মৃত্যু সত্ত্বেও, দৃঢ়ভাবে ধর্মঘট চালিয়ে গেলে (১৩) কেঁপে উঠত, বাইরের উত্তেজনা আগুনের মত জ্বলে উঠত, এবং (১৩)কে হার মানতে হোত। সেইদিন থেকে আজ পর্যন্ত সরকারের বর্বরতা নিশ্চয়ই বেড়েছে। কিন্তু তখনকার অবস্থায় তাদের নিশ্চয়ই শান্তি প্রতিষ্ঠার জন্য প্রস্তাব করতে হোত।

জেলের মধ্যে সংগ্রাম

জেলের মধ্যেকার জীবন এবং সংগ্রাম সম্পর্কে সংস্কারবাদী দৃষ্টিভঙ্গী থেকেই, মূলতঃ, কতকগুলি ভুলধারণা দেখা দেয়। এবং সেই সব ভুল ধারনা থেকেই অনশন ধর্মঘট এবং জেলের বিভিন্ন ধরণের সংগ্রাম সম্পর্কে বিশ্বাসঘাতকতা এবং দ্বিধা জন্ম নেয়।

কিছু কমরেড মনে করেন যে, একবার জেলে পৌঁছলেই তারা অন্ততঃ সাময়িকভাবে দেশের শ্রেণীসংগ্রাম থেকে দূরে চলে গেলেন এবং সে সময়টা তারা বিশ্রাম নিয়ে এবং পুঁথিগত শিক্ষালাভ করে উপভোগ করতে পারবেন। পশ্চিম বাংলার জেল কমরেডদের প্রতি লেখা পি বি নোটে সঠিকভাবেই এই সংস্কারবাদী ধারণা সম্পর্কে সতর্ক করে দিয়ে বলা হয়েছে:

"একজন কমিউনিস্ট যেখানেই থাকুক, কারখানাতেই হোক, ক্ষেতেই হোক, রাস্তাতেই হোক, আদালতেই হোক আর জেলেই হোক, সর্বত্রই সে শ্রমিক শ্রেণীর জন্যে, পার্টির জন্যে, সমস্ত মেহনতী জনগণের জন্যে নিরলস যোদ্ধা। অত্যাচারী শাসক শ্রেণীর বিরুদ্ধে সে আপোষহীন যোদ্ধা। জেল তার কাছে বিশ্রামের শিবির নয়, আর একটা লড়াইয়ের ময়দান, সবচেয়ে কঠিন লড়াইয়ের ময়দান। জেলের মধ্যেও তাকে লড়াই চালিয়ে যেতে হবে।"

কিন্তু সংস্কারবাদী সংগ্রামবিরোধী মনোভাব নানা ভাবে বেঁচে থাকে।

দ্বিধাগ্রস্তদের সাধারণ ধারণাটা হোল এই রকম: আন্দোলনের অগ্রণী বাহিনী এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ কর্মীরা জেলের মধ্যে রয়েছেন। সুতরাং একই সঙ্গে বাইরে সরকারকে বাধ্য করার মত একটা বিরাট আন্দোলন বা বিক্ষোভ না থাকিলে, এমন বাছাই করা লোকদের ওপর জীবন হারাবার বা পঙ্গু হয়ে যাবার ঝুঁকি চাপিয়ে দেওয়া উচিত নয়। অবশ্য, অনশন ধর্মঘট বা অন্য কোন আত্মরক্ষামূলক উপায়ে জেলের অবস্থার বিরুদ্ধে বিক্ষোভ দেখাবার জন্য কিছু প্রতিরোধ করা যেতে পারে, কিন্তু এসবই বাইরের আন্দোলনের ওপর নির্ভর করে। তাছাড়া, জেলের ভেতরকার লড়াইয়ে বেশী কর্মী হারাতে না হয়।

তারা ভুলে গেছেন যে, জেলও একটা লড়াইয়ের ময়দান। সরকার তার শ্রেণী-যুদ্ধ লড়বার জন্যই শ্রেণী-বিভাগের ব্যবস্থা করে, বন্দীদের ওপর শারিরীক, মানসিক এবং অন্যান্য অত্যাচার চালায়। শ্রেণী-সংগ্রামের বন্দীদের সংখ্যা ক্রমেই বাড়ছে। তাদের ভয় দেখিয়ে, তাদের মনোবল ভেঙ্গে অথবা তাদের ওপর প্রতিশোধ নিয়ে বাইরের আন্দোলনকেও দুর্বল করাই সরকারের উদ্দেশ্য। বাইরে থেকে সাড়া যাই হোক না কেন, জেলের মধ্যে শ্রেণী-সংগ্রামের বন্দীদের এই নীতির বিরুদ্ধে প্রাণপণ লড়াই চালাতে হবে। কোন কারখানার শ্রমিকরা যখন ধর্মঘট করেন বা কতদিন ধর্মঘট চলবে তা ঠিক করেন, তখন তারা বাইরের সমর্থনকেই বড় বলে মনে করেন না। প্রধানত নিজেদের শক্তির ওপর নির্ভর করে, নিজেদের টিঁকে থাকার ক্ষমতার ওপর নির্ভর করেই তারা লড়েন। অবশ্য দু'একজন দ্বিধা দেখাতে পারে কিংবা হয়ত কয়েকজনকে প্রাণ দিতেও হতে পারে, কিন্তু অধিকাংশের লড়াই চালিয়ে যাবার ক্ষমতার ওপরই লড়াইয়ের শক্তি নির্ভর করে। মৃত্যু বা অঙ্গহানির আশংকায় ভয়ে দীন হয়ে যাওয়া কমিউনিস্ট কর্মীদের শোভা পায় না। বাইরে আমাদের কর্মীরা এবং সাধারণ মেহনতী মেয়ে-পুরুষ প্রতিদিন জীবন দিচ্ছেন। জেলের ভেতরকার কর্মীদের বাঁচিয়ে রাখার জন্য বিশেষ ব্যবস্থা করার কোন কারণ নেই।

বাইরে শ্রেণী-সংগ্রাম যতই তীব্র হচ্ছে, সরকার শ্রেণী-সংগ্রামের বন্দীদের ওপর বর্বর আক্রমণ বাড়াবার যতই চেষ্টা করছে, ততই তার স্বরূপ আরও প্রকাশ হয়ে যাচ্ছে। সে আরও বিচ্ছিন্ন হয়ে পড়ছে। প্রদেশের বাইরে স্থানান্তর করা সম্পর্কে সাম্প্রতিক অভিযান, চুক্তি পালন না করা, এবং জেলের মধ্যে বন্দীদের গুলি করে মারা—এইসব ঘটনা থেকে সেকথা আরও স্পষ্ট হয়ে উঠেছে। এর বিরুদ্ধে দৃঢ়পণ এবং অবিরাম লড়াই চালাতে হবে। এবং বন্দীদেরই সে লড়াইয়ে প্রথম দায়িত্ব নিতে হবে। এসময় যে কোন দ্বিধা বা সংস্কারবাদী মনোভাবের অর্থ হবে শ্রমিক শ্রেণীর প্রতি বিশ্বাসঘাতকতা এবং শ্রেণী শত্রুর কাছে আত্মসমর্পণ।

আত্মসমর্পণের পরের ঘটনা

পাংলা, ভেলোর এবং অন্যান্য জায়গার বন্দীদের অপূর্ব লড়াইয়ে অনুপ্রাণিত হয়ে (অ)তেও আজকাল এ সম্পর্কে চেতনা বাড়ছে। তার প্রমাণ—আই-জি'র পরিদর্শনের সময় (খ)তে বিক্ষোভের প্রস্তুতি, (ঘ)তে (১৭)'র বিরুদ্ধে জঙ্গী বিক্ষোভ এবং পৃথক করার আগে স্থানান্তরের বিরুদ্ধে লড়াইয়ে (ঝ)'র কমরেডদের মৃত্যুহীন সাহস—এই লড়াইয়ে দু'জন কমরেড প্রাণ দিয়েছেন।

তা সত্ত্বেও, সংগ্রাম এবং সংগ্রামের রূপ সম্পর্কে জেল-কমরেডদের মধ্যে বেশ কিছুটা ভ্রান্ত ধারণা এবং দ্বিধার ভাব রয়েছে। (খ)'র দুজন কেন্দ্রীয় কমিটির সদস্য এবং তাদের কমরেডরা সবাই গত অনশন ধর্মঘটের সময় নিজেদের গাফিলতির সমালোচনা গ্রহণ করতে অস্বীকার করেছেন। তারা বলেছেন যে, "অনশন ধর্মঘট প্রত্যাহার করাটা কাপুরুষের কাজ হয়েছে, এই দাবীকে তারা মিথ্যা এবং দায়িত্বজ্ঞানহীন বলে মনে করেন।"

এইরকম মনোভাব থাকার ফলে স্বভাবতই তারা এখনও প্রস্তাবটা নতুন লড়াই অথবা লড়াইয়ের নতুন কায়দা সম্পর্কে দ্বিধার পরিচয় দিচ্ছেন। ২রা আগষ্ট সমস্ত জেল কমরেডদের কাছে লেখা এক চিঠিতে (অ)'র (খ) নেতারা জানিয়ে দেন যে, সরকার সমস্ত প্রথম শ্রেণীর বন্দীদের (ক)তে এবং দ্বিতীয় শ্রেণীর বন্দীদের (খ)তে এনে জড়ো করতে চায়; তাদের উদ্দেশ্য হচ্ছে নেতাদের কাছ থেকে শ্রমিক-কৃষক বন্দীদের পৃথক করা, বন্দীদের মনোবল ভাঙ্গা এবং (ঞ)তে স্থানান্তরের জন্য জমি প্রস্তুত করা। এইসব কারণে সার্কুলারে বন্দীদের বিভিন্ন জেলে স্থানান্তর প্রতিরোধ করার ডাক দেওয়া হয়। এই ধরণের স্থানান্তরের বিরুদ্ধেই (ঝ)'র কমরেডরা রক্ত দিয়ে লড়েছিলেন। সার্কুলার পাবার আগেই তারা এইভাবে লড়েছিলেন। এর থেকেই বোঝা যায় তারা পশ্চিমবাংলা, ভেলোর এবং কুড্ডালোরের সংগ্রাম থেকে কিভাবে শিক্ষা গ্রহণ করেছিলেন, সরকারী নীতি সম্পর্কে সঠিক বিপ্লবী ধারণা এবং বিপ্লবী বীরত্বকে তারা কিভাবে মিলিয়েছিলেন তাও এ থেকে বোঝা যায়।

দুর্বলতা থেকেই গেল

একজন পি-বি সদস্য এবং একজন কেন্দ্রীয় কমিটির সদস্যের নেতৃত্বে, (খ)'র কমরেডরা কিন্তু (ঝ) সংগ্রামের প্রয়োজনীয়তা সম্পর্কেই প্রশ্ন তুললেন। তখনও পর্যন্ত বন্দীদের (খ)তে স্থানান্তর করা হচ্ছে, সুতরাং (ঞ)তে স্থানান্তরের ব্যাপারটা জনসাধারণ তখনও সুনিশ্চিত ভাবে জানে না। তাদের মতে; এমন অবস্থায় স্থানান্তরের প্রতিরোধ করতে মূল্যবান জীবন নষ্ট করা বুদ্ধির পরিচয় নয়। তারা স্পষ্ট বললেন যে, প্রদেশের মধ্যে স্থানান্তরের শারিরীক প্রতিরোধ করা উচিত নয়, তবে প্রতিবাদ করা যেতে পারে।

তারা নিজেরাই এক চিঠিতে জানিয়েছিলেন যে, বোধ হয় (ঞ)তে স্থানান্তরের প্রাথমিক ব্যবস্থা হিসাবে, দ্বিতীয় শ্রেণীর রাজবন্দীদের (ক)তে এবং প্রথম শ্রেণীর রাজবন্দীদের (খ)তে এনে জড়ো করার ব্যবস্থা হচ্ছে। তবে দুই শ্রেণীর মধ্যে এই বিভেদ করা, তাদের পরস্পর থেকে পৃথক করা, ভাগ করাটা এমন কিছু গুরুতর ব্যাপার বলে মনে হয় না—তারা একে প্রতিরোধ করার বিরুদ্ধে। সরকারের শ্রেণীবিভেদ নীতি এবং তাকে স্থায়ী করার চেষ্টার কাছে আত্মসমর্পণ ছাড়া একে আর কি বলা যেতে পারে? বর্তমানে তারা যে আত্মসমর্পণ করছেন, তাকে ঢাকার জন্যেই তারা (ঞ)তে স্থানান্তরের চেষ্টায় সময় প্রতিরোধের কথা বলেছেন।

লড়াইয়ের কারণ জনগণের কাছে পরিষ্কার থাকা সম্পর্কে তারা অনেক কিছু লিখেছেন এবং তারই ভিত্তিতে (ঝ)'র কমরেডদের কাজের তীব্র নিন্দা করেছেন। কিন্তু তারা যদি বলতেন যে তারা দুই শ্রেণীকে পৃথক করার বিরুদ্ধে লড়ছেন তাহলে কি কারণটা জনসাধারণের কাছে পরিষ্কার হোত না? তারা যদি (অ)'র শ্রমিক শ্রেণীর কাছে বলতেন যে, তাদেরই ভাই, তাদেরই সংগ্রামের নেতাদের চিরদিনের জন্য দ্বিতীয় শ্রেণীতে রাখার ব্যবস্থা হচ্ছে, তাদের মিলিত সংগ্রামের শক্তিকে বিচ্ছিন্ন করার চেষ্টা হচ্ছে—তাহলেও কি (অ)'র শ্রমিক শ্রেণী লড়াইয়ের কারণ বুঝতো না। (ঞ)তে ছাড়া অন্য কোন জায়গায় স্থানান্তরের বিরুদ্ধে লড়াইয়ের প্রয়োজনীয়তা (ত) বুঝতে পারেনি। তাদের এই বুঝতে না পারাকে লড়াই শুরু না করার অজুহাত হিসাবে দেখান হয়েছে। কিন্তু সেই (ত)রাও কি এই সহজ ব্যাপারটা বুঝতো না? তাছাড়াও, কয়েকজনের দুর্বলতার জন্যে বিপুল সংখ্যাধিক বন্দীদের কেন আত্মসমর্পণ করতে হবে?

এখনও সকলে প্রস্তুত হয়নি, এখনও গণসমর্থন জাগান যায়নি ইত্যাদি যুক্তি দিয়ে সংস্কারবাদীরাই যতদিন পর্যন্ত সম্ভব লড়াই স্থগিত রাখে। আমাদের (খ) কমরেডরাও তাদেরই মত ব্যবহার করছেন।

"আত্মরক্ষামূলক প্রতিরোধে"র তত্ত্ব

তাদের মতেই যদি কখনও প্রতিরোধ করা দরকার হয় এবং যখন হবে, তখন প্রতিরোধের ধরণ কি হবে সে সম্পর্কে পর্যন্ত তারা জোশীপন্থী যুক্তি হাজির করেছেন।

তারা বলেছেন যে, শারিরীক প্রতিরোধ যখন দরকার হয়ে পড়বে তখনও সেটা "আত্মরক্ষামূলক প্রতিরোধ হওয়া উচিত।" আত্মরক্ষামূলক প্রতিরোধকে তারা এইভাবে ব্যাখ্যা করেছেন:—

"আমরা এক জায়গায় জমায়েৎ হবো, শ্লোগান দেব এবং পরস্পর থেকে আলাদা হতে কিংবা লক-আপে ঢুকতে অস্বীকার করব। ওরা যদি আমাদের আক্রমণ করে তাহলে আমরা খালি হাতেই আত্মরক্ষা করব, পারলে ওদের লাঠি কেড়ে নেব ইত্যাদি। কিন্তু আমরা ইটপাথর জড়ো করে পুলিশের ওপর ছুড়ব না। অবশ্য যখন সত্যিই সংঘর্ষ বেধে যায় এবং ওরা বিশেষ বর্ব্বরের মত ব্যবহার শুরু করে, তখন শুধু আত্মরক্ষার জন্যেই হাতের কাছে যা পাওয়া যায় তাই নিয়ে পাল্টা আঘাত করা সত্যিই দরকার হয়ে পড়ে। .....কিন্তু প্রশ্ন হচ্ছে, প্রথম থেকেই আমাদের একটা অন্য রকমের পরিকল্পনা করা দরকার কিনা, পাথর প্রভৃতি জোগাড় করা, সেই পাথর ছুড়ে পুলিশকে আমাদের ব্যারাকের কাছে আসতে না দেওয়া, ওদের আক্রমণের জন্যে অপেক্ষা না করে নিজেরাই উদ্যোগ নেবার ব্যবস্থা করা দরকার কিনা।...

"...জেলের মধ্যে আমরা শুধু অস্ত্রবলেই দুর্বল নই

